BDS 2025:2023

# বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র মানদণ্ড

## (Standards of Bangladesh Good Agricultural Practices)




বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র মানদণ্ড (Standards of Bangladesh Good Agricultural Practices)

BDS 2025:2023

# বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র মানদণ্ড
# (Standards of Bangladesh Good Agricultural Practices)


**সংকলন ও সম্পাদনা**

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
ড. মোঃ আবদুছ ছালাম
ড. যাকীয়াহ রহমান মনি
ড. শাহ মোঃ মনির হোসেন
ড. মিয়া সাঈদ হাসান



## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

**প্রকাশনায়**
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

**সহযোগিতায়**
**জনাব মোহাম্মদ সফিউজ্জামান,** উপপরিচালক (হর্টিকালচার উইং) ও আহ্বায়ক, GAP ইউনিট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
**জনাব মোঃ নজির আহম্মদ মিয়া,** উপপরিচালক (এমএসসি), বাংলাদেশ স্ট্যান্ডার্ড টেস্টিং ইনস্টিটিউট
**প্রফেসর সাঈদ মিজানুর রহমান,** প্রতিনিধি, CAB, বাংলাদেশ

**অর্থায়নে**
APCU-BARC-PARTNER

**প্রকাশকাল**
প্রথম প্রকাশ: জানুয়ারি ২০২৪ খ্রি.
প্রথম সংস্করন: ভার্সন: ১

**প্রচ্ছদ ও ইলাস্ট্রেশন**
মোহাম্মদ নাজমুল ইসলাম, গ্রাফিক্স ডিজাইনার, কৃষি তথ্য কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।

**প্রাপ্তিস্থান**
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

**মুদ্রণ**
সম্রাট প্রিন্টার্স
১২৬ আরামবাগ, ঢাকা-১০০০
মোবাইল: ০১৬৮৫ ৪৭৪৫১৭

ISBN 978-984-35-5635-6

978-984-35-5635-6

# সূচিপত্র


- ভূমিকা

১.০। উদ্দেশ্য ------------------------------------------------------------------ ১

২.০। লক্ষ্য ------------------------------------------------------------------ ১

৩.০। পরিধি ------------------------------------------------------------------ ১

৪.০। তথ্যসূত্র ------------------------------------------------------------------ ১

৫.০। মানদন্ডের কাঠামো ------------------------------------------------------------------ ২

৬.০। শব্দ অর্থ বা সংজ্ঞা ------------------------------------------------------------------ ২

**৭.০। নিরাপদ খাদ্য মডিউল**

৭.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ------------------------------------------------------------------ ৬

৭.২। বংশ বিস্তারের উপাদান: বপন/রোপণ সামগ্রী ------------------------------------------------------------------ ৬

৭.৩। কৌলিতাত্ত্বিকভাবে রূপান্তরিত জীব (GMO) ------------------------------------------------------------------ ৬

৭.৪। সার এবং মাটির উপযোগ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা) ------------------------------------------------------------------ ৭

৭.৫। পানি ------------------------------------------------------------------ ৭

৭.৬। রাসায়নিক দ্রব্য (উদ্ভিদ সংরক্ষণ উপাদান অথবা কৃষিজ ও অকৃষিজ রাসায়নিক দ্রব্য): ----- ৮

৭.৭। ফসল সংগ্রহ এবং সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা ------------------------------------------------------------------ ৯

৭.৮। সন্ধানযোগ্যতা ও পণ্য প্রত্যাহার ------------------------------------------------------------------ ১০

৭.৯। প্রশিক্ষণ ------------------------------------------------------------------ ১০

৭.১০। ডকুমেন্ট এবং রেকর্ডস ------------------------------------------------------------------ ১১

৭.১১। পদ্ধতিসমূহের পর্যালোচনা ------------------------------------------------------------------ ১১

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

৭.১২। সার এবং মাটির উপযোগসমূহ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা এবং সার ব্যবহার): ------------- ১১

৭.১৩। রাসায়নিক দ্রব্য: (উদ্ভিদ সংরক্ষণ দ্রব্য অথবা অন্য কৃষিজ/অকৃষিজ রাসায়নিক) --------- ১১

**৮.০। পরিবেশ ব্যবস্থাপনা মডিউল**

৮.১। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ------------------------------------------------------------------ ১৪

৮.২। বপন/রোপণ সামগ্রী ------------------------------------------------------------------ ১৪

৮.৩। মাটি এবং মাটি ব্যবস্থাপনা ------------------------------------------------------------------ ১৪

৮.৪। সার এবং মাটির উপযোগ ------------------------------------------------------------------ ১৪

৮.৫। পানি ------------------------------------------------------------------ ১৫

৮.৬। রাসায়নিক দ্রব্য (ফসল সংরক্ষণের উপকরণ ও অন্যান্য) ------------------------------------------------------------------ ১৫

৮.৭। বর্জ্য ব্যবস্থাপনা ---------- ১৬
৮.৮। শক্তির দক্ষতা ---------- ১৬
৮.৯। জীববৈচিত্র্য ---------- ১৬
৮.১০। বাতাস/শব্দ ---------- ১৬
৮.১১। প্রশিক্ষণ ---------- ১৬
৮.১২। ডকুমেন্ট এবং রেকর্ডস ---------- ১৬
৮.১৩। চর্চার পর্যালোচনা ---------- ১৭

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

৮.১৪। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা ---------- ১৭

**৯.০। কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল**

৯.১। রাসায়নিক দ্রব্যের ব্যবহার ---------- ২০
৯.২। কর্ম পরিবেশ ---------- ২০
৯.৩। ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ---------- ২১
৯.৪। শ্রমিক কল্যাণ ---------- ২১
৯.৫। প্রশিক্ষণ ---------- ২১
৯.৬। ডকুমেন্ট এবং রেকর্ড ---------- ২১
৯.৭। চর্চার পর্যালোচনা ---------- ২২

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

৯.৮। শ্রমিক কল্যাণ ---------- ২২

**১০.০। পণ্যমান মডিউল**

১০.১। গুণগতমান পরিকল্পনা ---------- ২৪
১০.২। বপন/রোপণের সামগ্রী ---------- ২৪
১০.৩। সার এবং মাটির সংযোজন দ্রব্য ---------- ২৪
১০.৪। পানি ---------- ২৪
১০.৫। রাসায়নিক দ্রব্য ---------- ২৪
১০.৬। ফসল সংগ্রহ এবং পণ্য হ্যান্ডলিং ---------- ২৫
১০.৭। সংরক্ষণ এবং পরিবহন ---------- ২৫
১০.৮। সন্ধানযোগ্যতা এবং পণ্য প্রত্যাহার ---------- ২৫
১০.৯। প্রশিক্ষণ ---------- ২৫

১০.১০। ডক্যুমেন্ট এবং রেকর্ডস লিখিত বিবরণ------------------------------------------২৫

১০.১১। চর্চার পর্যালোচনা ------------------------------------------------------------২৬

**ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ**

১০.১২। রাসায়নিক------------------------------------------------------------------২৬

১০.১৩। পণ্য সংগ্রহ এবং হ্যান্ডলিং ---------------------------------------------------২৬

**১১.০। সাধারণ প্রয়োজনীয়তা মডিউল**

অনুচ্ছেদ এ (খামার পর্যায়)

১.১ খামার পর্যায়: বিধি সংক্রান্ত--------------------------------------------------------২৮

১.২ পরিদর্শকের প্রয়োজনীয়তা -----------------------------------------------------------২৮

১.৩ অভিযোগের প্রতিকার-------------------------------------------------------------২৮

১.৪ স্থানের বর্ণনা----------------------------------------------------------------------২৮

১.৫ রেকর্ড সংরক্ষণ এবং অভ্যন্তরীণ পরিদর্শন ----------------------------------------------২৮

১.৬ যন্ত্রপাতি কার্যক্ষম রাখা------------------------------------------------------------২৮

অনুচ্ছেদ-বি (দলের শর্তাবলী) ----------------------------------------------------------২৮

১.৭ আইনী প্রয়োজনীয়তাসমূহ -----------------------------------------------------------২৯

১.৮ লিখিত চুক্তি---------------------------------------------------------------------২৯

১.৯ উৎপাদক রেজিস্টার --------------------------------------------------------------২৯

১.১০ উৎপাদক দলের কাঠামো --------------------------------------------------------২৯

১.১১ দক্ষতা এবং কর্মী প্রশিক্ষণ -------------------------------------------------------২৯

১.১২ মান ম্যানুয়াল-----------------------------------------------------------------২৯

১.১৩ ডকুমেন্ট নিয়ন্ত্রণ --------------------------------------------------------------৩০

১.১৪ অভিযোগ হ্যান্ডলিং-------------------------------------------------------------৩০

১.১৫ অভ্যন্তরীণ নিরীক্ষা -------------------------------------------------------------৩০

১.১৬ শর্তভঙ্গ/অমান্যতা, সংশোধনমূলক ব্যবস্থাদি এবং নিষেধাজ্ঞা আরোপ--------------------৩০

১.১৭ পণ্য সন্ধানযোগ্যতা ও পৃথকীকরণ ------------------------------------------------৩০

১.১৮ প্রত্যায়িত পণ্য প্রত্যাহার --------------------------------------------------------৩১

১.১৯ সাধারণ প্যাক হাউজ -----------------------------------------------------------৩১

১.২০ ক্রেতার সঙ্গে চুক্তি ------------------------------------------------------------৩১

১.২১ সাবকন্ট্রাক্টিং ----------------------------------------------------------------৩১

# ভূমিকা

বিশ্বব্যাপি বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিত। অভূতপূর্ব এ উন্নয়নের অন্যতম মূলভিত্তি কৃষি। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি, সমৃদ্ধি, কৃষ্টি ও সংস্কৃতির ধারক ও বাহক হচ্ছে কৃষি। কৃষির বহুমাত্রিক চ্যালেঞ্জ মোকাবেলা করে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে হবে। উন্নয়নের ধারাবাহিকতায় আধুনিক প্রযুক্তি নির্ভর উৎপাদন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ দেশের কৃষি জীবিকা নির্বাহের পর্যায় থেকে বাণিজ্যিক পর্যায়ের দিকে অগ্রসরমান।

টেকসই উন্নয়ন, নিরাপদ খাদ্য উৎপাদন ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে প্রযুক্তি উদ্ভাবন এবং প্রসার, পরিকল্পনামাফিক সময়াবদ্ধ বিনিয়োগ; সরকারি/বেসরকারি, উন্নয়ন সহযোগী ও আন্তর্জাতিক সহযোগিতা এবং স্থানীয় ও রপ্তানি বাজার সংযোগ স্থাপন অত্যন্ত জরুরি। স্বাস্থ্যগত ও অর্থনৈতিক দৃষ্টিকোণ বিবেচনায় নিরাপদ ও মানসম্পন্ন খাদ্যের চাহিদা ও গুরুত্ব ক্রমান্বয়ে বাড়ছে। সুস্থ জীবনের জন্য নিরাপদ খাদ্যের কোনো বিকল্প নেই। খাদ্য-শৃঙ্খলের যেকোন পর্যায়ে গ্রহণযোগ্য মাত্রার অধিক অবশিষ্টাংশ, অণুজীবীয় সংক্রমণ, ক্ষতিকর ভারী ধাতব বস্তুসহ অন্যান্য ক্ষতিকর বস্তুর উপস্থিতি ইত্যাদি দ্বারা বিপত্তি ঘটতে পারে। খামার পর্যায় হতে শুরু করে ভোক্তা পর্যায়ে নিরাপদ ও মানসম্পন্ন খাদ্য নিশ্চিত করতে খামারে উৎপাদন এবং উৎপাদনোত্তর প্রক্রিয়ায় উত্তম কৃষি চর্চা (Good Agricultural Practices-GAP) বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উত্তম কৃষি চর্চা (GAP) নিরাপদ ও স্বাস্থ্যকর খাদ্য উৎপাদনসহ টেকসই অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত উন্নয়ন নিশ্চিত করে। এছাড়াও GAP বাস্তবায়নের ফলে টেকসই কৃষি উন্নয়ন নিশ্চিতসহ জাতীয় ও আন্তর্জাতিক এবং সামাজিক উন্নয়নের লক্ষ্য অর্জনে অবদান রাখবে। নিরাপদ খাদ্য উৎপাদনকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সরকার 'বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০' প্রণয়ন করে; যা গত ২১ ডিসেম্বর ২০২০ তারিখে মন্ত্রীসভার বৈঠকে অনুমোদিত হয়। বাংলাদেশে GAP বাস্তবায়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কে পরিকল্প স্বত্বাধিকারী (স্কিম ওনার) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কে সার্টিফিকেশন বডি Bangladesh Agricultural Certification Body (BACB) হিসেবে মনোনয়ন করা হয়। GAP কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন অংশীজন সমন্বয়ে স্টিয়ারিং, টেকনিক্যাল ও সার্টিফিকেশন কমিটি গঠন করা হয়। উক্ত নীতিমালা বাস্তবায়নে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করে প্রাতিষ্ঠানিকভাবে দায়িত্ব ম্যাট্রিক্স আকারে বন্টন করে জানুয়ারি ২০২২-এ প্রকাশ করা হয়।

GAP বাস্তবায়নের উপযোগী মানদন্ড (Standards) প্রতিষ্ঠা করতে ২৪৬টি অনুশীলন চর্চা সম্বলিত নিরাপদ খাদ্য মডিউল; পরিবেশগত ব্যবস্থাপনা মডিউল; কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ মডিউল; পণ্যমান মডিউল এবং সাধারণ প্রয়োজনীয়তা মডিউলসহ মোট ৫টি মডিউল প্রস্তুত করা হয়েছে যা মাঠ পর্যায়ে GAP মানদন্ড (Standards) নিশ্চিত করবে।

- নিরাপদ খাদ্য মডিউল
- পরিবেশগত ব্যবস্থাপনা মডিউল
- কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল
- পণ্যমান মডিউল
- সাধারণ প্রয়োজনীয়তা মডিউল

বাংলাদেশ থেকে কোনো পণ্য বিদেশে রপ্তানি করতে হলে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন প্রয়োজন। নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য পণ্য উৎপাদন হতে শুরু করে প্রক্রিয়াজাতকরণ, সরবরাহ ও বিপণন প্রতিটি পর্যায়েই GAP মানদন্ড অনুসরণ জরুরি। আশা করা যায়, GAP মানদন্ড বাস্তবায়নের ফলে নিরাপদ পণ্য উৎপাদনকেই কেবল উৎসাহিত করবে না, তা আঞ্চলিক এবং বিশ্ব বাণিজ্যকেও সমৃদ্ধ করবে। উল্লেখ্য, ISO/IEC17011 অনুসরণে পরিচালিত বাংলাদেশ এ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) স্বীকৃতি প্রদানকারী সংস্থা হিসেবে GAP কার্যক্রম/বাস্তবায়নের স্বীকৃতি প্রদান করবে। বিএবি ইন্টারন্যাশনাল এ্যাক্রিডিটেশন ফোরাম (IAF) এর নিয়ম-কানুনের অধীনে কাজ করে থাকে।

এ মানদন্ডে গুরুত্ব বিবেচনায় অনুশীলনসমূহকে (Control Point) শ্রেণিবিন্যাস করা হয়েছে যেমন- “অতি গুরুত্বপূর্ণ” (Major Must), “গুরুত্বপূর্ণ” (Minor Must) এবং “সাধারণ” (General)। প্রণয়নকৃত মানদন্ডের ৫টি মডিউল মাঠপর্যায়ে ফসল উৎপাদনের ক্ষেত্রে উত্তম কৃষি চর্চা প্রয়োগ নিশ্চিত করবে। প্রথম ৪টি মডিউল এককভাবে অনুসরণযোগ্য এবং তার বাস্তবায়ন নির্ভর করে উদ্দেশ্য পূরণের ওপর যেমন- নিরাপদ খাদ্য; পরিবেশ ব্যবস্থাপনা; কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ এবং পণ্যমান মডিউল। সাধারণ প্রয়োজনীয়তা মডিউল অন্য ৪টি মডিউলের প্রয়োজনীয়তা পূরণের জন্য প্রয়োগযোগ্য।

সমন্বিত কার্যক্রমের লক্ষ্যে সাধারণ প্রয়োজনীয়তা মডিউল প্রণয়ন করা হয়েছে। যার মাধ্যমে গ্রুপভিত্তিক প্রত্যয়ন (Certificate) গ্রহণের চর্চাসমূহ বর্ণিত রয়েছে। প্রত্যেকটি অনুশীলনচর্চা প্রয়োজনীয়তার অনুসরণীয় মানদন্ড যেমন: অতি গুরুত্বপূর্ণ-১০০% অনুসরণ বাধ্যতামূলক, গুরুত্বপূর্ণ-৯০% অনুসরণ বাধ্যতামূলক এবং সাধারণ-৫০% অনুসরণ বাধ্যতামূলক করা হয়েছে। সর্বোপরি, পরিকল্প স্বত্বাধিকারী (স্কিমওনার) প্রস্তুতকৃত মানদন্ডের প্রকাশনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করবে। সময়ে সময়ে এর সংশোধন, সংযোজন ও হালনাগাদ করা এবং সকল ধরনের তথ্যাদি জনসাধারণের অবগতি ও প্রাপ্যতা নিশ্চিতকরণের কাজ করবে।

# উত্তম কৃষি চর্চা মানদন্ড (GAP Standards)

**১.০. উদ্দেশ্য**

এই মানদন্ড (Standards) তৈরির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে ফসল উৎপাদনে উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়নসহ নিরাপদ ও পুষ্টিমানসম্পন্ন খাদ্যপণ্যের টেকসই উৎপাদন নিশ্চিতকরণ এবং পরিবেশ, অর্থনীতি ও সামাজিক সুরক্ষা সুসংহত করা। নিরাপদ খাদ্য উৎপাদনে খামার পর্যায়ে উত্তম কৃষি চর্চার অভাব প্রধান অন্তরায় হিসেবে বিবেচিত হচ্ছে। নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত করতে পণ্য উৎপাদনের শেষ স্তর পর্যন্ত কারিগরি এই মানদন্ডের বাধ্যতামূলক ব্যবহার নিশ্চিত করা।

**২.০ লক্ষ্য**

এই মানদন্ড তৈরির লক্ষ্য হচ্ছে ফসল উৎপাদনে উত্তম কৃষি চর্চা প্রয়োগ করে নিরাপদ খাদ্য ও পুষ্টিসমৃদ্ধ খাদ্যপণ্যের উন্নয়ন ঘটানো এবং একই সাথে পরিবেশ, সামাজিক ও কর্মীর স্বাস্থ্য সুরক্ষা করা।

**৩.০ পরিধি**

এই মানদন্ড ফসল (ফল ও শাকসবজি) উৎপাদন, সংগ্রহ ও সংগ্রহোত্তর হ্যান্ডলিং এবং প্যাকহাউজ কার্যক্রম, বিক্রয়, খাবার অথবা খাদ্য শিল্পে ব্যবহার করার প্রয়োজনীয়তাসমূহকে সুনির্দিষ্ট করবে। তবে মাছ, মাংশ, দুধ ও ডিম এই মানদন্ডের আওতাভুক্ত নয়। সকল প্রকারের উৎপাদন পদ্ধতি যেমন: প্রচলিত উৎপাদন পদ্ধতি, হাইড্রোপনিক পদ্ধতি, খোলা আকাশের নিচে বা নিয়ন্ত্রিত পরিবেশে হতে পারে। এই মানদন্ড Genetically Modified Organisms (GMO) এর ব্যাপারে দেশের প্রচলিত আইন অনুসরণের নির্দেশনা দেয়। তবে এসব পণ্যে GAP অনুসৃত হয়েছে বলে প্রত্যয়ন করা যাবে যদি তাতে GAP এর প্রয়োজনীয়সমূহ বাস্তবায়িত হয়ে থাকে। এ মানদন্ড গুরুত্ব বিবেচনায় পুনরায় কন্ট্রোল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে, যেমন- "অতি গুরুত্বপূর্ণ" (Major Must), "গুরুত্বপূর্ণ" (Minor Must) বা "সাধারণ" (General)।

**৪.০ তথ্যসূত্র**

এই মানদন্ড তৈরিতে বিশ্বের বিভিন্ন দেশের GAP এর মানদন্ড, নির্দেশনা এবং প্রত্যয়িত পদ্ধতিসমূহ তথ্যসূত্র হিসেবে ব্যবহার করা হয়েছে। তথ্যের প্রধান উৎস হচ্ছে:


- ASEAN Secretariat 2006, Good Agricultural Practices (GAP) for Production of Fruits and Vegetables in the ASEAN Region.
- FAO Training Manual, Implementing ASEAN GAP in the Fruit and Vegetable Sector; Its Accreditation and Certification (FAO Publication 2004/2002).
- GLOBAL G.A.P-Control Points and Compliance Criteria, Fruits and Vegetables.
- A Scheme and Training Manual on Good Agricultural Practices (GAP) for Fruits and Vegetables. Volume I. The Scheme-Standard and Implementation infrastructure, FAO Regional Office for Asia and the Pacific, Bangkok, 2016.

## ৫.০ মানদন্ডের কাঠামো

৫.১ এই মানদন্ড (Standards) মাঠে ফসল উৎপাদনের ক্ষেত্রে ৫টি মডিউল অনুযায়ী উত্তম কৃষি চর্চার প্রয়োজনীয়তাসমূহ বাস্তবায়নকে নির্দেশ করে। প্রথম ৪টি মডিউল হচ্ছে এককভাবে অনুসরণযোগ্য এবং তার বাস্তবায়ন নির্ভর করে উদ্দেশ্য পূরণের ওপর যেমন: নিরাপদ খাদ্য; পরিবেশ ব্যবস্থাপনা; পণ্য মান; কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ। ৫ম মডিউল সাধারণভাবে অন্য ৪টি মডিউলের প্রয়োজনীয়তা পূরণের জন্য প্রয়োগযোগ্য এবং দলীয়ভাবে উত্তম কৃষি চর্চার বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজ্য। প্রথম ৪টি মডিউল প্রত্যেকটি এককভাবে বা অন্য মডিউলের সঙ্গে সমন্বিতভাবে প্রয়োগযোগ্য হবে।

৫.২ খামারের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ পর্যায়ের সকল নির্দেশনাসমূহ প্রত্যেকটি মডিউলে এমনভাবে প্রস্তুত করা হয়েছে যা দ্বারা একটি খামার একক বা দলীয়ভাবে পরিচালিত হতে পারে।

৫.৩ মানদন্ডের অনুশীলনসমূহকে তাদের গুরুত্ব অনুযায়ী শ্রেণিবিন্যাস করা হয়েছে যেমন- "অতি গুরুত্বপূর্ণ" (Major Must), "গুরুত্বপূর্ণ" (Minor Must) বা "সাধারণ" (General)। অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তাসমূহ হচ্ছে তা, যা পণ্যের মানকে সংরক্ষণ করে এবং যার ব্যতিক্রম হলে মারাত্মকভাবে নিরাপদ খাদ্যে বিঘ্ন সৃষ্টি হয় ও পণ্যের সমগ্র মানকে বিনষ্ট করে। কিছু কিছু অনুশীলনসমূহকে অতি গুরুত্বপূর্ণ/গুরুত্বপূর্ণ এবং কিছু অনুশীলন শতকরা ৫০ ভাগ পালন করা বাধ্যতামূলক এমন বিষয়টিকে সাধারণ শ্রেণিভুক্ত করা হয়েছে।

৫.৪ অনুশীলনসমূহ কিভাবে উৎপাদক বা নিরীক্ষক কর্তৃক যাচাই করা যাবে তার একটি যাচাই তালিকা (Checklist) থাকবে। এতে নিরীক্ষক মন্তব্য এবং স্ট্যাটাস লিপিবদ্ধ করবেন।

## ৬.০ শব্দের অর্থ বা সংজ্ঞা

এ মানদন্ডে ব্যবহৃত বিভিন্ন শব্দের অর্থ ও সংজ্ঞা দেয়া হলো।

উত্তম কৃষি চর্চা (**GAP**)-উত্তম কৃষি চর্চা হলো সামগ্রিক কৃষি কার্যক্রম যা অনুসরণে নিরাপদ এবং মান সম্পন্ন খাদ্য ও খাদ্য বর্হিভূত কৃষিজাত পণ্য সহজলভ্য, পরিবেশ সুরক্ষা, অর্থনীতি এবং সমাজ সুসংহত হয়।

অডিট (**Audit**)-অডিট বা নিরীক্ষা একটি নিয়মতান্ত্রিক, স্বাধীন এবং নথিভুক্ত প্রক্রিয়া যার দ্বারা নিরীক্ষার প্রমাণ (রেকর্ড, তথ্যের বিবৃতি, নথি বা অন্যান্য তথ্য যা প্রাসঙ্গিক এবং যাচাইযোগ্য) পাওয়া যায় এবং নিরীক্ষার মানদণ্ড (নীতিমালা প্রণয়ন, পদ্ধতি বা স্কিমের প্রয়োজনীয়তা নির্ধারণ) সম্পূর্ণ পূরণ হয়েছে কিনা তা নির্ধারণ করাই নিরীক্ষার উদ্দেশ্য। এই স্কিমে, নিরীক্ষা এবং পরিদর্শন শব্দগুলি সমার্থকভাবে ব্যবহৃত হয়েছে।

নিরীক্ষক (**Auditor**)-নিরীক্ষক একজন ব্যক্তি যিনি নিরীক্ষা করার জন্য অনুমোদিত।

কম্পোস্টিং (**Composting**)-মাটির উর্বরতা বৃদ্ধিকল্পে যে নিয়ন্ত্রিত প্রক্রিয়ার মাধ্যমে যেখানে জৈব পদার্থ একটি নির্দিষ্ট সময়ের জন্য আর্দ্রতা, তাপ এবং অণুজীবের দ্বারা কম্পোস্ট তৈরি করে।

গ্রাহক (**Customer**)-একজন ব্যবসায়ী বা ব্যক্তি যিনি পণ্য ক্রয় করেন বা গ্রহণ করেন। উদাহরণস্বরূপ একজন প্যাকার, বিপণন গ্রুপ পরিবেশক, পাইকারি বিক্রেতা, রপ্তানিকারক, প্রক্রিয়াজাতকারক, খুচরা বিক্রেতা বা ভোক্তা।

পরিবেশগত বিপত্তি (**Environmental hazard**)-পরিবেশগত ক্ষতির উৎস বা এমন একটি পরিস্থিতি যার কারণে পরিবেশের ক্ষতির সমুহ সম্ভাবনা থাকে।

ফার্টিগেশন **(Fertigation)**-একটি সেচ ব্যবস্থা যার মাধ্যমে সার/পুষ্টির প্রয়োগ করা হয়।

খাদ্য নিরাপত্তা বিপত্তি **(Food safety hazard)**-খাদ্য নিরাপত্তা বিপত্তি হলো যে কোনো রাসায়নিক, জৈবিক, ভৌত পদার্থ বা বস্তু যা ফল অথবা সবজিকে অনিরাপদ করে তুলে এবং ভোক্তাদের জন্য স্বাস্থ্য ঝুঁকির কারণ হতে পারে।

ফিউমিগেশন **(Fumigation)**-মাটি বা মাটির স্তরে কীটপতঙ্গ যেমন: পোকামাকড়, রোগ এবং আগাছা দমনকালে রাসায়নিক প্রয়োগ করা বুঝায়।

বিপত্তি **(Hazard)**-বিপত্তি হলো উৎপাদন, পরিবেশ বা শ্রমিকদের জন্য একটি বিরূপ প্রভাব বা ক্ষতি।

সমন্বিত বালাই ব্যবস্থাপনা **(Integrated Pest Management)**-সকল প্রকার বালাই নিয়ন্ত্রণ কৌশল সতর্কতার সাথে বিবেচনা করা এবং পরবর্তী উপযুক্ত ব্যবস্থাগুলির সমন্বিতকরণ যা বালাই বিস্তার হ্রাস করে এবং উদ্ভিদ সুরক্ষাকারি পণ্য এবং অন্যান্য ব্যবস্থাদি এমন মাত্রায় গ্রহণ করা যা অর্থনৈতিকভাবে লাভজনক এবং মানব স্বাস্থ্য ও পরিবেশগত ঝুঁকি হ্রাসে সহায়ক।

পরিদর্শন **(Inspection)**-পরিদর্শন একটি সংঘবদ্ধ পরীক্ষা বা আনুষ্ঠানিক মূল্যায়ন পদ্ধতি। আইটেম বা কার্যকলাপ প্রয়োজনীয়তার সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা নির্ধারণের জন্য ফলাফলগুলি সাধারণত নির্দিষ্ট প্রয়োজনীয়তা এবং মানদন্ডের সাথে তুলনা করা।

পরিদর্শক **(Inspector)**-যিনি পরিদর্শন করবেন। এই স্কিমে, নিরীক্ষক এবং পরিদর্শক শব্দগুলি সমার্থকভাবে ব্যবহৃত হয়েছে।

অবশিষ্ট্যাংশের সর্বোচ্চ মাত্রা **(Maximum Residue Level (MRL)** মানুষের ব্যবহারের জন্য বিক্রয়োত্তর ফল এবং শাকসবজিতে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত রাসায়নিকের সর্বাধিক মাত্রা।

মনিটরিং **(Monitoring)**-ফসলে ডিম এবং লার্ভাসহ কীটপতঙ্গ এবং রোগের উপস্থিতিসহ তার আশেপাশের পদ্ধতিগত পরিদর্শন যাতে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়।

প্রতিরোধ **(Prevention)**-প্রতিরোধ হচ্ছে কীটপতঙ্গ, রোগ এবং আগাছার প্রকোপ এবং/অথবা তীব্রতা প্রতিরোধ বা হ্রাস করার জন্য খামার পর্যায়ে চাষের কৌশল এবং ব্যবস্থাপনা পদ্ধতি গ্রহণ করা।

উৎপাদক **(Producer)**-কৃষক, কোম্পানি বা খামার পর্যায়ে উৎপাদনের জন্য আইনত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

উৎপাদক গোষ্ঠী **(Producer group)**-কৃষকদের একটি দল GAP মানদন্ডের নির্ধারিত অনুশীলনগুলোর আলোকে বাস্তবায়ন এবং/অথবা প্রত্যয়ন লাভের জন্য একক ইউনিট হিসাবে একত্রিত হয়েছে।

# নিরাপদ খাদ্য মডিউল
# (Food Safety Module)

# ৭.০। নিরাপদ খাদ্য মডিউল (Food Safety Module)

নিরাপদ খাদ্য মডিউল-এর উদ্দেশ্য হচ্ছে পণ্য উৎপাদন ও সংগ্রহোত্তর পর্যায়ে ক্ষতিকর প্রভাব হ্রাস করা। নিরাপদ খাদ্য উৎপাদনের ঝুঁকিসমূহ নিয়ন্ত্রণে ১৩টি উপাদান (২টি ঐচ্ছিকসহ) ও ৯৮টি উত্তম কৃষি চর্চার (GAP) অনুশীলন (৭টি ঐচ্ছিকসহ) প্রয়োজনীয়তাসমূহের বিভিন্ন সম্মতি মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## ১.০। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা (Site history and management)

| | | |
|---|---|---|
| ১.১) | নির্বাচিত স্থান এবং পার্শ্ববর্তী জমির ইতিহাস ও মাটির নমুনা বিশ্লেষণপূর্বক উক্ত স্থানে ইতোপূর্বে উৎপাদিত ফসলে প্রয়োগকৃত রাসায়নিক/জীবাণু সার, বালাইনাশক ও জৈবিক দূষক নিরূপণ ও বর্তমান ফসলে সংক্রমণের ঝুঁকি শনাক্তসহ এতদ্‌সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ১.২) | কোন স্থানে ঝুঁকি শনাক্ত হলে তা ঝুঁকিমুক্ত/সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ ব্যতীত চাষাবাদ বন্ধ রাখতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ১.৩) | ঝুঁকি নিয়ন্ত্রণের সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হলে মনিটরিং এর মাধ্যমে উৎপাদিত পণ্যে কোনরুপ সংক্রমণ ঘটেনি এতদ্‌সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ২.০। বংশ বিস্তারের উপাদান: বপন/রোপণ সামগ্রী (Planting material: Propagation material)

| | | |
|---|---|---|
| ২.১) | খামারে বীজ বা চারা উৎপাদনের ক্ষেত্রে সার, অন্যান্য রাসায়নিক ও বালাইনাশক প্রয়োগের কারণসহ ব্যবহারের তারিখ, ট্রেড নাম, কার্যকরী উপাদান, প্রয়োগকারীর নাম, প্রয়োগ পদ্ধতি, পরিমাণসহ সকল বিবরণ লিপিবদ্ধ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ২.২) | বীজের গুণগতমান সম্পর্কিত তথ্যাদি/সনদসহ যাবতীয় তথ্যাদি যেমন: জাতের বিশুদ্ধতা, জাতের নাম, ব্যাচ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও বীজ বিক্রেতার নাম, ঠিকানা ও ক্রয়ের তারিখ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ২.৩) | বীজ, রুট স্টক বা সায়ন নিবন্ধিত নার্সারি (সরকারি/কৃষি সংস্থা/স্বীকৃতিপ্রাপ্ত টিস্যুকালচার ল্যাব) হতে সংগ্রহ করতে হবে যাতে বীজ/চারায় পোকা বা রোগের চিহ্ন দৃশ্যমান না থাকে। | গুরুত্বপূর্ণ |
| ২.৪) | অনুমোদিত মাত্রা ও সুপারিশকৃত পদ্ধতি/প্রযুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট বালাইনাশক (ছত্রাকনাশক, কীটনাশক, জৈব বালাইনাশক এবং রেডিয়েশন) দ্বারা বীজ শোধন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ২.৫) | নার্সারি হতে চারা/বীজ সংগ্রহ করার ক্ষেত্রে খামার/উৎসের নাম এবং সরবরাহের তারিখ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ২.৬) | মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন জাত/ফসল আবাদ করা যাবে না। | অতি গুরুত্বপূর্ণ |

## ৩.০। কৌলিতাত্ত্বিকভাবে রূপান্তরিত জীব (Genetically Modified Organisms)

| | | |
|---|---|---|
| ৩.১) | GMO ফসল চাষাবাদ/ট্রায়ালের ক্ষেত্রে দেশে বিদ্যমান সকল আইন/নীতিমালা অনুসরণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৩.২) | GMO ফসল উৎপাদন করার ক্ষেত্রে সকল তথ্যাবলী লিপিবদ্ধ রাখতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৩.৩) | GMO ফসল/বীজ উৎপাদনকারী কর্তৃক ক্রেতাকে পণ্যের GMO সম্পর্কিত তথ্যাদি অবহিত করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৩.৪) | GM সামগ্রী (ফসল ও ট্রায়াল) ব্যবস্থাপনায় লিখিত পরিকল্পনা থাকা; সংক্রমণ প্রতিরোধে আকস্মিকভাবে Non-GM ফসলের সঙ্গে মিশ্রণ প্রতিরোধ করা ও GMO পণ্যের স্বকীয়তা বজায় রাখা এবং এ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৩.৫) | GMO ফসল আলাদাভাবে সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ৪.০। সার এবং মাটির উপযোগ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা)

**[Fertilizers and soil additives (Plant nutrient management and fertilizer use)]**

| | | |
|---|---|---|
| ৪.১) | প্রত্যেক ফসল আবাদের ক্ষেত্রে এবং মাটির উপযোগের সাথে সম্পর্কিত রাসায়নিক ও জৈবিক ঝুঁকি নির্ধারণ করা এবং কোন গুরুত্বপূর্ণ হ্যাজার্ড চিহ্নিত হলে তার তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.২) | যদি হ্যাজার্ড চিহ্নিত হয় সেক্ষেত্রে ঝুঁকি সংক্রমণ নিরসনে প্রতিরোধ/প্রতিকারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৪.৩) | কারিগরি দক্ষতাসম্পন্ন ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ অথবা ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে অথবা মাটি বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে সার বা মাটির উপযোগ (additives) প্রয়োগ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.৪) | উৎপাদিত পণ্যে ভারী ধাতব (Heavy metal) পদার্থের দূষণ কমানোর জন্য উপযুক্ত সার ও মাটির উপযোগ নির্ধারণ এবং প্রয়োগ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৪.৫) | মাটি বিশ্লেষণের ফলাফলের ভিত্তিতে সার এবং মাটির উপযোগের মাত্রা নির্ধারণ এবং ফসলের বিভিন্ন পর্যায় অনুযায়ী অনুমোদিত মাত্রায় সার প্রয়োগ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.৬) | পণ্যকে দূষিত করতে পারে এমন অপরিশোধিত জৈব পদার্থ প্রয়োগ করা যাবে না। খামারে উৎপাদিত জৈব পদার্থ ব্যবহার করার ক্ষেত্রে প্রয়োগ পদ্ধতি, তারিখ এবং পরিশোধন তথ্যাদি সংরক্ষণ করতে হবে। বাহিরের কোন স্থান থেকে জৈব পদার্থ সংগ্রহের ক্ষেত্রে ঝুঁকি শনাক্ত বিষয়ক তথ্যাদি বিক্রেতার কাছ থেকে সংগ্রহ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.৭) | ফসল উৎপাদনে অপরিশোধিত বর্জ্য ব্যবহার করা যাবে না । | অতি গুরুত্বপূর্ণ |
| ৪.৮) | সার/মাটির উপযোগ সংরক্ষণ, মিশ্রণ ও কম্পোস্ট তৈরির জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ ও উপযুক্ত স্থাপনা তৈরি করে উৎপাদন স্থান এবং পানির উৎস সংক্রমিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.৯) | সার এবং মাটির উপযোগ সংক্রান্ত বিস্তারিত তথ্য সংরক্ষণ করা যেমন: উৎস, পণ্যের নাম, তারিখ, পরিমাণ উল্লেখসহ বিস্তারিত প্রয়োগ পদ্ধতি এবং প্রয়োগকারীর বিবরণ উল্লেখ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.১০) | উৎপাদিত কৃষিজাত পণ্য থেকে অজৈব ও জৈব সার পৃথকভাবে মজুদ রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৫.০। পানি (Water: Irrigation/Fertigation)

| | | |
|---|---|---|
| ৫.১) | সেচকার্যে ব্যবহৃত পানি ক্ষতিকর সংক্রমণ বা দূষণমুক্ত হতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.২) | রাসায়নিক ও জৈবিক সংক্রমণ কমাতে বছরে অন্তত: একবার সেচকার্য, বালাইনাশক প্রয়োগ, ধৌতকরণ, পণ্য শোধন বা পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে ব্যবহৃত পানি বিশ্লেষণ এবং এ সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ৫.৩) | সংক্রমণের ঝুঁকি নির্ণয়ে নিয়মিত বিরতিতে অঞ্চল বা ফসলভিত্তিক পানি পরীক্ষা করে সরবরাহ নিশ্চিত করা এবং তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৫.৪) | উল্লেখযোগ্য ঝুঁকি শনাক্ত হলে বিকল্প নিরাপদ উৎস হতে পানি ব্যবহার করা বা ব্যবহারের পূর্বে পানি শোধন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.৫) | ড্রেনের দূষিত পানি, উৎপাদন বা সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও বিপণন কাজে ব্যবহার না করা। পরিশোধিত পানি ব্যবহারের ক্ষেত্রে জাতীয় নীতি অনুসরণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৫.৬) | প্রস্তুতকারকের নির্দেশনা/ম্যানুয়াল অণুসরণ করে সেচ যন্ত্রপাতি ব্যবহার করতে হবে। | সাধারণ |
| ৫.৭) | অনাকাঙ্খিত কোন উৎস যেমন: শহরের বর্জ্য স্থাপনা, হাসপাতাল, শিল্প ও ডাম্পিং বর্জ্য ইত্যাদি থেকে কৃষি জমিতে পানি প্রবেশ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ৬.০। রাসায়নিক দ্রব্য (উদ্ভিদ সংরক্ষণ উপাদান অথবা কৃষিজ ও অকৃষিজ রাসায়নিক দ্রব্য) Chemicals (Plant protection products or other agro and non-agrochemicals)

| | | |
|---|---|---|
| ৬.১) | দেশের বিধিবিধান দ্বারা অনুমোদিত বালাইনাশক ব্যবহার নিশ্চিত করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.২) | কেবলমাত্র নিবন্ধিত সরবরাহকারী হতে রাসায়নিক দ্রব্য ক্রয় করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.৩) | দুই বা ততোধিক রাসায়নিক দ্রব্য মিশ্রণ না করা। যদি একান্তই করতে হয় সেক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি/সংস্থা/কর্তৃপক্ষের কারিগরি সুপারিশের ভিত্তিতে করতে হবে। | সাধারণ |
| ৬.৪) | অনুমোদিত মাত্রার অধিক রাসায়নিক দ্রব্য প্রয়োগ না করা এবং প্রয়োজনের অতিরিক্ত রাসায়নিক দ্রব্য এমনভাবে নষ্ট করতে হবে যাতে পণ্য দূষণ এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৬.৫) | রাসায়নিক দ্রব্য ব্যবহারের ক্ষেত্রে লেবেলে উল্লিখিত প্রয়োগ বিরতি এবং ফসল সংগ্রহ পূর্ব বিরতি (Pre-Harvest Interval) যথাযথভাবে অনুসরণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.৬) | রাসায়নিক দ্রব্য প্রয়োগ যন্ত্র কাজের উপযোগী করে রক্ষণাবেক্ষণ করা এবং প্রয়োগের পূর্বে তা পরীক্ষা করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৭) | কারিগরি দক্ষতাসম্পন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি দ্বারা বালাইনাশক ব্যবহারের প্রয়োজনীয় নিরাপত্তা সামগ্রী যেমন: গ্লাপস, মুখোশ, নিরাপত্তা চশমা, পানি প্রতিরোধী পোষাক, টুপি, জুতা যথাযথভাবে ব্যবহার করে বালাইনাশক/রাসায়নিক প্রয়োগ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৮) | ব্যবহারের পরে প্রতিবার যন্ত্রপাতি যথাযথভাবে ধৌত করা ও ধৌত করার পর পানি এমনভাবে অপসারণ করা যাতে পণ্য ও পরিবেশ দূষণ এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৬.৯) | রাসায়নিক দ্রব্যসমূহ সতর্কতা নোটিশসহ নিরাপদ স্থানে মজুদ করা যাতে পণ্য দূষণ এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৬.১০) | কোন কারণে রাসায়নিক দ্রব্য নির্গত হলে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের সুব্যবস্থা থাকতে হবে। | সাধারণ |
| ৬.১১) | তরল রাসায়নিক পদার্থ পাউডার জাতীয় রাসায়নিক দ্রব্যের উপর রাখা যাবে না। | গুরুত্বপূর্ণ |
| ৬.১২) | রাসায়নিক দ্রব্যসমূহ লেবেলযুক্ত পাত্রে সংরক্ষণ করা এবং যদি রাসায়নিক দ্রব্য অন্য পাত্রে স্থানান্তর করতে হয় সেক্ষেত্রে রাসায়নিকের নাম, মাত্রা ও সংরক্ষণ কাল যথাযথভাবে উল্লেখপূর্বক সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.১৩) | রাসায়নিক দ্রব্যের খালিপাত্র পুনর্ব্যবহার না করা এবং তা একত্রিত করে নিরাপদ স্থানে রাখতে হবে। দেশের প্রচলিত বিধি অনুযায়ী এমনভাবে নষ্ট করতে হবে যাতে পণ্য ও পরিবেশ দূষণ এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৬.১৪) | বাতিল/মেয়াদোত্তীর্ণ রাসায়নিক দ্রব্যসমূহ সুস্পষ্টভাবে শনাক্ত করে নিরাপদ স্থানে সংরক্ষণ করা এবং দাপ্তরিক নিয়মনীতি বা আইনগত বিধিবিধান মেনে সংগ্রহ করে নির্ধারিত স্থানে নষ্ট করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.১৫) | রাসায়নিক দ্রব্যসমূহের সংগ্রহ, প্রয়োগের বিস্তারিত বিবরণ, সরবরাহকারীর নাম, তারিখ, পরিমাণ, উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ তারিখের বিবরণ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.১৬) | প্রত্যেক ফসলের জন্য রাসায়নিক দ্রব্য প্রয়োগের বিস্তারিত তথ্য যেমন-প্রয়োগের কারণ, স্থান, মাত্রা, পদ্ধতি, তারিখ ও প্রয়োগকারীর নাম সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ৬.১৭) | কোন পণ্য বিক্রি বা রপ্তানির ক্ষেত্রে কোন রাসায়নিকের MRL (Maximum Residue Limit) অবশিষ্টাংশের মাত্রা স্বীকৃত পরীক্ষাগার হতে (Accredited laboratory) নির্ণয় করতে হবে। এর অধিকমাত্রা শনাক্ত হলে তৎক্ষনাৎ সেগুলো জব্দ করে এর কারণ তদন্ত/নির্ণয় করা এবং পরবর্তিতে সংশোধনমূলক ব্যবস্থা নেয়া যেন এর পুনরাবৃত্তি না ঘটে। ঘটনার বিবরণ এবং গৃহীত ব্যবস্থাদির তথ্য সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৬.১৮) | অকৃষিজ রাসায়নিকসমূহ এমনভাবে ব্যবস্থাপনা, মজুদ ও বিনষ্ট করা যাতে উৎপাদিত পণ্যে কোনরুপ ঝুঁকি সৃষ্টি না করে। | গুরুত্বপূর্ণ |
| ৬.১৯) | সমন্বিত বালাই ব্যবস্থাপনা অবলম্বনের ক্ষেত্রে সতর্কতার সাথে দমন কৌশল নির্বাচন এবং সর্বশেষ পর্যায়ে রাসায়নিক প্রয়োগ করে বালাই (Pest) এর বংশবৃদ্ধি সীমিত রাখা। | গুরুত্বপূর্ণ |

## ৭.০। ফসল সংগ্রহ এবং সংগ্রহ পরবর্তী ব্যবস্থাপনা (Harvesting and handling produce)

| | | |
|---|---|---|
| ৭.১) | ফসল সংগ্রহ করে তা সরাসরি মাটিতে রাখা পরিহার করা এবং প্যাকেজিং বা সংরক্ষণের সময় মেঝেতে না রাখা। | গুরুত্বপূর্ণ |
| ৭.২) | যন্ত্রপাতি, পাত্র ও অন্যান্য উপাদান এবং ব্যবস্থাপনা যা উৎপাদিত পণ্যের সংস্পর্শে আসবে তা এমনভাবে তৈরি হতে হবে যাতে পণ্য কোনভাবে সংক্রমিত না হয় এবং সহজেই পরিষ্কার করা যায়। | গুরুত্বপূর্ণ |
| ৭.৩) | রাসায়নিক দ্রব্য, বর্জ্য ও অন্যান্য ক্ষতিকর পদার্থ রাখার পাত্রসমূহ সুস্পষ্টভাবে চিহ্নিত করা ও পৃথকভাবে সংরক্ষণ করা এবং পণ্য সংরক্ষণের জন্য সেগুলো ব্যবহার না করা। | গুরুত্বপূর্ণ |
| ৭.৪) | পণ্যের সংক্রমণ সীমিত রাখার জন্য যন্ত্রপাতি ও পাত্রসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ করা এবং রাসায়নিক বালাইনাশক, সার ও মাটির উপযোগ থেকে সংক্রমণ এড়ানোর জন্য পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.৫) | ব্যবহারের পূর্বে যন্ত্রপাতি, পাত্র ও অন্যান্য উপাদান পর্যবেক্ষণ করা এবং প্রয়োজন অনুসারে পরিষ্কার, মেরামত এবং বাতিল করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.৬) | সঠিক পরিমাপ নিশ্চিত করার জন্য উৎপাদনকারী কর্তৃক মানসম্পন্ন পরিমাপ যন্ত্র/নিক্তি ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.৭) | উৎপাদিত পণ্য বাছাই, গ্রেডিং, প্যাকেজিং, হ্যান্ডেলিং এবং সংরক্ষণের জন্য নির্মিত স্থান ও অবকাঠামো এমনভাবে তৈরি ও রক্ষণাবেক্ষণ করা যাতে পণ্যের সংক্রমণ ঝুঁকি এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৭.৮) | পণ্যকে সংক্রমণ থেকে রক্ষার জন্য উৎপাদন, হ্যান্ডলিং, প্যাকেজিং ও সংরক্ষণের স্থান থেকে গ্রিজ, তেল, জ্বালানি ও কৃষি যন্ত্রপাতি পৃথক রাখতে হবে। | সাধারণ |
| ৭.৯) | নর্দমার ময়লা, বর্জ্য অপসারণ ও নিস্কাশন নালা এমনভাবে নির্মাণ করতে হবে যাতে উৎপাদনের স্থান এবং পানি সরবরাহে সংক্রমণ এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৭.১০) | প্যাকিং হাউজ অথবা সংরক্ষণাগারের আলো ব্যবহারের জন্য উপযুক্ত বাতি ব্যবহার করতে হবে। | সাধারণ |
| ৭.১১) | যন্ত্রপাতি ও হাতিয়ার যা ভৌত বিপত্তির কারণ হতে পারে তা একই ঘরে রাখার ক্ষেত্রে প্যাকেজিং, হ্যান্ডেলিং ও সংরক্ষণ স্থান থেকে আলাদা রাখা এবং প্যাকেজিং ও হ্যান্ডলিং এর কাজ করার সময় সেগুলো ব্যবহার না করা। | সাধারণ |
| ৭.১২) | প্যাকেজিং, হ্যান্ডলিং, সংরক্ষণ স্থান এবং যন্ত্রপাতি নিয়মিত পরিস্কার ও জীবাণুমুক্ত করতে হবে যাতে পণ্য সংক্রমণ না ঘটে। | সাধারণ |
| ৭.১৩) | পণ্যে সংক্রমণ এড়ানো বা কমানোর লক্ষ্যে পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ক্ষেত্রে অনুমোদিত রাসায়নিক দ্রব্য ব্যবহার করতে হবে। | সাধারণ |
| ৭.১৪) | গৃহপালিত ও খামারের প্রাণীকে ফসলি জমি ও তার পার্শ্ববর্তী স্থান এবং হ্যান্ডলিং, প্যাকেজিং ও সংরক্ষণ স্থান থেকে দূরে রাখতে হবে। | সাধারণ |
| ৭.১৫) | হ্যান্ডলিং, প্যাকেজিং ও সংরক্ষণ স্থান বালাই সংক্রমণ প্রতিরোধী করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.১৬) | বালাই নিয়ন্ত্রণে টোপ (bait) এবং ফাঁদ (trap) এমনভাবে ব্যবহার করা যাতে পণ্যে সংক্রমণ এড়ানো সম্ভব হয়। টোপ ও ফাঁদ ব্যবহারের স্থান চিহ্নিত করে রাখা। | গুরুত্বপূর্ণ |
| ৭.১৭) | কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৭.১৮) | স্বাস্থ্যবিধির অনুশীলনীয় নির্দেশনাসমূহ লিখিতরূপে কর্মীদের প্রদান এবং গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন করতে হবে। | সাধারণ |
| ৭.১৯) | কর্মীদের জন্য পণ্য প্রক্রিয়াকরণ স্থান হতে দূরবর্তী স্থানে স্বাস্থ্যসম্মত টয়লেট ও হাত ধৌত করার ব্যবস্থা রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২০) | কর্মীদের টয়লেট/নর্দমার বর্জ্যসমূহ এমনভাবে অপসারণ করা যাতে উৎপাদিত পণ্যে প্রত্যক্ষ বা পরোক্ষ সংক্রমণ না ঘটে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২১) | পণ্য ধৌতকরণে ব্যবহৃত পানি দূষণমুক্ত ও সুপেয় হতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২২) | সংগ্রহোত্তর পর্যায়ে রাসায়নিকের ব্যবহার ও ওয়াক্সিং (Waxing) প্রয়োগবিধি যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও অনুমোদনের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৭.২৩) | আমদানিকারক দেশ কর্তৃক চাহিদা মোতাবেক পণ্যের সুনির্দিষ্ট পরীক্ষা অন্তর্ভুক্ত করতে হবে। | সাধারণ |
| ৭.২৪) | রাসায়নিক, জীবজ/জীবঘটিত অথবা ভৌত সংক্রমণ হতে পারে এমন দ্রব্যাদি থেকে পণ্য আলাদাভাবে সংরক্ষণ ও পরিবহন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২৫) | পণ্য ঠান্ডা স্থানে সংরক্ষণ ও অতিরিক্ত পণ্য স্তুপ না করা এবং পণ্য পরিবহনের সময় আর্দ্রতা সংরক্ষণের জন্য আচ্ছাদন ব্যবহার করতে হবে। | সাধারণ |
| ৭.২৬) | মাটি থেকে সংক্রমণের যথেষ্ট ঝুঁকি বিদ্যমান থাকায় পণ্য ভর্তি পাত্রসমূহ মাটির সংস্পর্শে না রাখা। | গুরুত্বপূর্ণ |
| ৭.২৭) | পরিবহনের জন্য ব্যবহৃত বাহন পরিচ্ছন্ন রাখা এবং ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা। পণ্য বোঝাই এর পূর্বে পরিচ্ছন্নতা, রাসায়নিক নির্গমন, অন্য বস্তুর অস্তিত্ব এবং রোগ ও পোকামাকড়ের অস্তিত্ব আছে কিনা তা শনাক্ত করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৮.০। সন্ধানযোগ্যতা ও পণ্য প্রত্যাহার (Traceability and recall)

| | | |
|---|---|---|
| ৮.১) | উৎপাদনের স্থানকে একটি নাম বা কোড দ্বারা চিহ্নিত করা এবং স্থানের মানচিত্রের রেকর্ড রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৮.২) | প্যাকেটকৃত পণ্যের নাম ও নম্বর ব্যবহার করতে হবে যা দ্বারা সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা যায় যে উৎপাদিত পণ্যটি কোন খামার/স্থানে উৎপাদিত হয়েছে। | সাধারণ |
| ৮.৩) | প্রতিটি পণ্যের চালানে সরবরাহের তারিখ ও গন্তব্যস্থানের বিস্তারিত বিবরণের (পূর্ণ ঠিকানা) রেকর্ড রাখতে হবে। | সাধারণ |
| ৮.৪) | পণ্যের সংক্রমণ শনাক্ত হলে বা সংক্রমণ হওয়ার সম্ভাবনা দেখা দিলে তা পৃথক করে রাখা এবং বিক্রয়ের পরে শনাক্ত হলে ভোক্তাদেরকে দ্রুত অবহিত ও প্রত্যাহারের ব্যবস্থা করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.৫) | সংক্রমণের কারণ অনুসন্ধান ও পুনরায় সংঘটিত না হওয়ার জন্য সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৯.০। প্রশিক্ষণ (Training)

| | | | |
|---|---|---|---|
| ৯.১) | কৃষক এবং শ্রমিকদের/কর্মীদেরকে তাদের নিজ নিজ কাজের সাথে সম্পর্কিত উত্তম কৃষি চর্চা বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | | অতি গুরুত্বপূর্ণ |
| | ৯.১.১ | রাসায়নিক দ্রব্যের ক্রয়, হ্যান্ডেলিং, সংরক্ষণ এবং উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত ও সুপারিশকৃত লেবেল, রাসায়নিক বা জৈব বালাইনাশক নির্বাচন সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| | ৯.১.২ | উপযুক্ত সমন্বিত বালাইনাশক ব্যবস্থাপনা (IPM) প্রয়োগ এবং রাসায়নিক বালাইনাশক ব্যবহার পরিহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| | ৯.১.৩ | পণ্য উৎপাদন স্থানে সর্বোচ্চ সহনীয় মাত্রা (MRL) সম্পর্কিত হালনাগাদ তথ্য সংরক্ষণ করা। | সাধারণ |

| | | | |
|---|---|---|---|
| | ৯.১.৪ | ক্রেতা/বাজার এর প্রয়োজন অনুযায়ী পণ্যে রাসায়নিকের অবশিষ্টাংশ নির্ণয়ের জন্য নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৯.২ | বছরে একবার প্রশিক্ষণের প্রয়োজনীয়তা পর্যালোচনা করতে হবে। | | গুরুত্বপূর্ণ |

**১০.০। ডকুমেন্ট এবং রেকর্ডস (Documents and records)**

| | | |
|---|---|---|
| ১০.১) | উত্তম কৃষি চর্চা অনুসরণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অন্তত: দুই বছরের জন্য সংরক্ষণ করতে হবে; তবে দেশের আইন অনুযায়ী বা ক্রেতার প্রয়োজনে তা অধিক সময়ের জন্য সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ১০.২) | মেয়াদোত্তীর্ণ ডকুমেন্ট বাতিল করে শুধু হালনাগাদ ডকুমেন্ট ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |

**১১.০। পদ্ধতিসমুহের পর্যালোচনা (Review of practices)**

| | | |
|---|---|---|
| ১১.১) | নিরাপদ খাদ্য সম্পর্কিত সম্ভাব্য ও নতুন ঝুঁকি নির্ণয়ের জন্য বছরে অন্তত: একবার পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ করা এবং কোনো ত্রুটি শনাক্ত হলে তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা। পর্যালোচনা এবং সংশোধনমূলক কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

**নিরাপদ খাদ্য মডিউল: ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ (Optional requirements)**

**১২.০। সার এবং মাটির উপযোগসমূহ (উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা এবং সার ব্যবহার) [(Fertilizers and soil additives (Plant nutrient management and fertilizer use)]**

| | | |
|---|---|---|
| ১২.১) | প্রশিক্ষিত ব্যক্তির সুপারিশ অনুযায়ী সার/পুষ্টি উপাদান (জৈব বা অজৈব) প্রয়োগ করা হয়েছে তা নিশ্চিত করা এবং প্রদর্শনের জন্য ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ১২.২) | পরামর্শকের অনুপস্থিতিতে উৎপাদনকারীর সার নির্বাচন ও মাত্রা নিরূপণের দক্ষতা এবং জ্ঞান রয়েছে এরূপ রেকর্ড থাকতে হবে। | সাধারণ |
| ১২.৩) | মৃত্তিকা পরীক্ষার সঙ্গে সঙ্গতি রেখে সার নির্বাচন ও মাত্রা নির্ধারণ করা হয়েছে এরূপ রেকর্ড সংরক্ষণে রাখতে হবে। | সাধারণ |
| ১২.৪) | সার/পুষ্টি উপাদানের ধরণ ও মাত্রা যোগ্যতাসম্পন্ন পরামর্শক দ্বারা নির্ধারণ করতে হবে। | সাধারণ |

**১৩.০। রাসায়নিক দ্রব্য: (উদ্ভিদ সংরক্ষণদ্রব্য অথবা অন্য কৃষিজ/অকৃষিজ রাসায়নিক) Chemicals: (Plant protection products or other agro and non-agrochemicals)**

| | | |
|---|---|---|
| ১৩.১) | রাসায়নিক বালাইনাশকের অবশিষ্টাংশের মাত্রা স্বীকৃত পরীক্ষাগার হতে নির্ণয় করতে হবে। | সাধারণ |
| ১৩.২) | কারিগরি অনুমোদন ও বালাইনাশক প্রয়োগের মাত্রাসহ উক্ত প্রযুক্তির রেকর্ড সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ১৩.৩) | আর্থিকভাবে সাশ্রয়ী এবং পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব সর্বনিম্ন পর্যায়ে রাখতে রাসায়নিক বালাইনাশকের যথোপযুক্ত প্রয়োগ করতে হবে। | সাধারণ |

# পরিবেশগত ব্যবস্থাপনা মডিউল
# (Environmental Management Module)

## ৮.০। পরিবেশগত ব্যবস্থাপনা মডিউল (Environmental Management Module)

পরিবেশগত ব্যবস্থাপনা মডিউলের আওতায় ফসল উৎপাদনে পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব হ্রাসের জন্য উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়ন করতে হবে, যাতে ১৪টি উপাদান (১টি ঐচ্ছিকসহ) ও ৪৪টি অনুশীলন প্রয়োজনীয়তাসমূহের বিভিন্ন সম্মতি মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### ১.০। স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা (Site history and management)

| | | |
|---|---|---|
| ১.১) | ফসল উৎপাদনের জন্য ব্যবহৃত জমি নির্বাচনের ক্ষেত্রে উচুঁ স্থান কিংবা খাড়া ঢালে দেশের প্রচলিত নিয়ম-নীতি/বিধি নিষেধ পালন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.২) | নতুন স্থান নির্বাচনের ক্ষেত্রে আশেপাশের পরিবেশগত ক্ষতির কারণ সংক্রান্ত ঝুঁকি নির্ণয় ও চিহ্নিত হ্যাজার্ড এর রেকর্ড সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে সুনির্দিষ্ট ঝুঁকি শনাক্ত হলে এরূপ স্থান উৎপাদন এবং ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার জন্য ব্যবহার না করা অথবা ঝুঁকি হ্রাস/প্রতিরোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ১.৩) | অধিক ক্ষয়িষ্ণু এলাকা যাতে আরও অবক্ষয়িত না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৪) | স্থানের কার্যক্রমের ব্যবস্থাপনা দেশের পরিবেশগত অবস্থা-বায়ু, পানি, শব্দ, মাটি, জীব-বৈচিত্র্য এবং অন্যান্য পরিবেশগত অবস্থার সাথে সামঞ্জসপূর্ণ হতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৫) | খামারের একটি নকশা থাকতে হবে যাতে চাষাবাদের জমি, পরিবেশগত সংবেদনশীলতা অথবা ক্ষয়িষ্ণু এলাকা রাসায়নিক দ্রব্যের সংরক্ষণ ও মিশ্রণস্থান, পানি সংরক্ষণ-প্রবাহ ও নিষ্কাশন নালা, রাস্তাঘাট এবং অন্যান্য অবকাঠামো সুনিদির্ষ্টভাবে প্রদর্শন করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ২.০। বপন/রোপণ সামগ্রী (Planting material)

| | | |
|---|---|---|
| ২.১) | রাসায়নিকের ব্যবহার হ্রাস করতে রোগ বা পোকা প্রতিরোধী জাত নির্বাচন করতে হবে। | সাধারণ |
| ২.২) | মাটির ধরন ও উর্বরতার সাথে সামঞ্জস্য রেখে জাত নির্বাচন করা যাতে অধিক হারে পুষ্টি উপাদান সরবরাহকারী রাসায়নিক দ্রব্যাদির ব্যবহার পরিহার করা যায়। | সাধারণ |

### ৩.০। মাটি ও মাটি ব্যবস্থাপনা (Soil and substrates (Substrate management)

| | | |
|---|---|---|
| ৩.১) | মাটির ধরন অনুযায়ী উৎপাদন পদ্ধতি নির্বাচন করা যাতে পরিবেশের অবক্ষয়জনিত ঝুঁকি বৃদ্ধি না পায়। | গুরুত্বপূর্ণ |
| ৩.২) | জমির উর্বরা শক্তি বৃদ্ধির লক্ষ্যে শস্য আবর্তন (crop rotation) অনুসরণ করে খামারের পরিকল্পনা গ্রহণ করতে হবে। | সাধারণ |
| ৩.৩) | উৎপাদন পদ্ধতি এমন হতে হবে যাতে মাটির গঠন, সংরক্ষণ ও দৃঢ়তা বৃদ্ধি পায় এবং সর্বোপরি মাটির ক্ষয় রোধ হয়। | গুরুত্বপূর্ণ |
| ৩.৪) | প্রযোজ্য ক্ষেত্রে মাটিকে জীবাণুমুক্ত (sterilize) করতে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যের নাম, স্থান, পণ্য, প্রয়োগ সময়, মাত্রা, পদ্ধতি ও প্রয়োগকারীর নামসহ বিস্তারিত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ৪.০। সার এবং মাটির উপযোগ (Fertilizers and soil additives)

| | | |
|---|---|---|
| ৪.১) | উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী ফসল ও মাটির ধরনের ওপর ভিত্তি করে সার এবং মাটির উপযোগ (Additives) প্রয়োগ এমনভাবে করতে হবে, যাতে প্রবাহ (run off) অথবা লিচিং এর মাধ্যমে পুষ্টির অপচয় রোধ করা সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৪.২) | পরিবেশ ও পানির উৎসকে দূষিত হওয়ার ঝুঁকি হ্রাস করতে সার এবং মাটির উপযোগ সংরক্ষণ, মিশ্রণ, যানবাহনে বোঝাইকরণ, পরিবহন এবং কম্পোস্ট তৈরির স্থান নির্ধারণ, নির্মাণ করতে হবে। | সাধারণ |
| ৪.৩) | সার এবং মাটির উপযোগ প্রয়োগ যন্ত্রপাতি ভালভাবে সংরক্ষণ এবং বছরে অন্তত: একবার কারিগরি দক্ষতাসম্পন্ন ব্যক্তি দ্বারা পরীক্ষা করতে হবে। | সাধারণ |
| ৪.৪) | সার ও মাটির উপযোগ প্রয়োগের বিস্তারিত রেকর্ড (নাম, স্থান, তারিখ, মাত্রা), প্রয়োগ পদ্ধতি ও প্রয়োগকারীর নাম উল্লেখসহ সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৫.০। পানি (Water)

| | | |
|---|---|---|
| ৫.১) | ফসল উৎপাদনে পানির প্রয়োজনীয়তা, প্রাপ্যতা ও মাটির আর্দ্রতার ওপর ভিত্তি করে সেচ প্রদান করা। সেচ পদ্ধতি নিয়মিত পরীক্ষার মাধ্যমে ভাল ব্যবস্থাপনা বজায় রাখা যাতে সেচ প্রদানে দক্ষতা বৃদ্ধি ও পানির অপচয় হ্রাস পায়। | সাধারণ |
| ৫.২) | দেশের প্রচলিত আইন মেনে সেচ কাজে পানি সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করা এবং ব্যবহারের বিস্তারিত রেকর্ড যেমন-ফসল, তারিখ, স্থান, সেচের পরিমাণ অথবা সেচের সময়কাল লিপিবদ্ধ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.৩) | ফসল উৎপাদন এলাকায় পরিবেশ দূষণের ঝুঁকি হ্রাসের জন্য বর্জ্য শোধন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.৪) | পানির যথাযথ ব্যবহার নিশ্চিত করা এবং অপচয় রোধে পানি ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করতে হবে। | সাধারণ |

## ৬.০। রাসায়নিক দ্রব্য (ফসল সংরক্ষণের উপকরণ ও অন্যান্য) Chemicals (Plant Protection Inputs and Others)

| | | |
|---|---|---|
| ৬.১) | রাসায়নিক দ্রব্যাদি প্রয়োগের ক্ষেত্রে কৃষক/শ্রমিক/কর্মীদের স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব পালনের বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.২) | ফসল সুরক্ষায় এমনভাবে রাসায়নিক নির্বাচন করতে হবে যা পরিবেশের ওপর নেতিবাচক এবং উপকারী পোকামাকড়ের ওপর ক্ষতিকর প্রভাব হ্রাস করতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৩) | উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে ফসল সুরক্ষা পদ্ধতি অনুসরণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৪) | সমন্বিত বালাই ব্যবস্থাপনা (IPM) এবং জৈব বালাইনাশক প্রয়োগ করে রাসায়নিক বালাইনাশকের ব্যবহার হ্রাস করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৫) | উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত এবং শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত সরবরাহকারীর নিকট হতে ক্রয়কৃত রাসায়নিকের ব্যবহার নিশ্চিত করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.৬) | লেবেলে প্রদত্ত নির্দেশিকা এবং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করে রাসায়নিক/বালাইনাশক প্রয়োগ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৭) | দেশে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বালাইনাশক ব্যবহার ও ফসল সুরক্ষা পদ্ধতিতে পর্যায়ক্রম কৌশল (Rotation Strategy) অবলম্বন করে বালাই প্রতিরোধ করতে হবে। | সাধারণ |
| ৬.৮) | ব্যবহারের পর অবশিষ্ট মিশ্রণের অপচয়রোধে সঠিক পরিমাণে বালাইনাশকের মিশ্রণ তৈরি করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৯) | ব্যবহারের পর অতিরিক্ত রাসায়নিক অপসারণ ও স্প্রে মেশিন এমনভাবে পরিষ্কার করতে হবে যাতে খামার ও আশেপাশের পরিবেশের ক্ষতি সর্বনিম্ন পর্যায়ে রাখা যায়। দেশে প্রচলিত আইন অনুযায়ী খালি রাসায়নিকের পাত্র সংগ্রহ ও বিনষ্ট করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.১০) | বাতিল/মেয়াদোত্তীর্ণ রাসায়নিক/বালাইনাশক সুস্পষ্টভাবে শনাক্ত করে তা সংরক্ষিত স্থানে রাখা এবং যথাযথ দাপ্তরিক পদ্ধতি অনুসরণ করে বিনষ্ট করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ৬.১১) | প্রত্যেক ফসলের জন্য ব্যবহৃত রাসায়নিক ব্যবহারের বিস্তারিত তথ্য (নাম, প্রয়োগের কারণ, তারিখ, স্থান, মাত্রা, প্রয়োগের পদ্ধতি, প্রয়োগকারীর নাম) রেকর্ড রাখা ও কৃষকের সংরক্ষিত রাসায়নিকের বিস্তারিত তথ্যাদি (নাম, তারিখ, ক্রয়ের পরিমাণ, উদ্দেশ্য এবং সম্পূর্ণভাবে ব্যবহার করার অথবা বিনষ্ট করার তারিখ) সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.১২) | দেশের বিদ্যমান আইন অনুযায়ী ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত রাসায়নিক দ্রব্যাদি এমনভাবে সংরক্ষণ ও বিনষ্ট করা যাতে পরিবেশের ঝুঁকি সর্বনিম্ন পর্যায়ে রাখা যায়। | অতি গুরুত্বপূর্ণ |

## ৭.০। বর্জ্য ব্যবস্থাপনা (Waste management)

| | | |
|---|---|---|
| ৭.১) | বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি থাকবে এবং সে অনুযায়ী কাজ করা যার মধ্যে উৎপাদন ও ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার সময় সৃষ্ট বর্জ্য শনাক্তকরণ, বর্জ্য উৎপাদন হ্রাস, পুনর্ব্যবহার, রিসাইক্লিং এবং বিনষ্ট করা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৮.০। শক্তির দক্ষতা (Energy efficiency)

| | | |
|---|---|---|
| ৮.১) | দক্ষ কার্যপদ্ধতি বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার পর্যালোচনা করতে হবে। নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার উৎসাহিত করতে হবে। | সাধারণ |
| ৮.২) | কাজের সক্ষমতা বৃদ্ধি ও শক্তির অপচয়রোধ নিশ্চিত করতে মেশিন এবং যন্ত্রপাতিকে সচল রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৯.০। জীববৈচিত্র্য (Biodiversity)

| | | |
|---|---|---|
| ৯.১) | দেশের বিদ্যমান আইন অনুযায়ী এমন একটি উৎপাদন পরিকল্পনা গ্রহণ করা যা স্থানীয় উদ্ভিদ ও প্রাণি প্রজাতির নিরাপত্তা এবং সংরক্ষণ, জলপথের পাশে স্থানীয় উদ্ভিদ সংরক্ষণ ও বন্যপ্রাণীর যাতায়াতের জন্য উন্মুক্ত পথের ব্যবস্থা থাকে। | গুরুত্বপূর্ণ |
| ৯.২) | ক্ষতিকর প্রাণি নিয়ন্ত্রণ বা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সাধারণ |

## ১০.০। বাতাস/শব্দ (Air/Noise)

| | | |
|---|---|---|
| ১০.১) | উৎপাদন পদ্ধতির ফলে দুর্গন্ধ, ধোঁয়া, ধুলি বা শব্দ ইত্যাদি দূষণ সৃষ্টি হলে তার থেকে পার্শ্ববর্তী সম্পদ এবং এলাকায় এর প্রভাব হ্রাসের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১১.০. প্রশিক্ষণ (Training)

| | | |
|---|---|---|
| ১১.১) | কৃষক এবং শ্রমিক/কর্মীদেরকে তাদের নিজ নিজ কাজের সাথে সম্পর্কিত উত্তম কৃষি চর্চা বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১২.০. ডকুমেন্ট এবং রেকর্ডস (Documents and records)

| | | |
|---|---|---|
| ১২.১) | উত্তম কৃষি চর্চা অনুসরণ সংক্রান্ত রেকর্ড অন্তত: দুই বছরের জন্য সংরক্ষণ করা তবে দেশের আইন অনুযায়ী বা ক্রেতার প্রয়োজনে তা অধিক সময়ের জন্য সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ১২.২) | মেয়াদোত্তীর্ণ/নিষিদ্ধ ডকুমেন্ট বাতিল করে শুধু চলমান ডকুমেন্ট ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১৩.০. চর্চার পর্যালোচনা (Review of practices)

| | | |
|---|---|---|
| ১৩.১) | উপকরণ ও প্রক্রিয়ার কারণে নতুন বা সম্ভাব্য ঝুঁকি নির্ণয়ের জন্য বছরে অন্ততঃ একবার পর্যালোচনার (Review) ব্যবস্থা করা এবং কোনো ত্রুটি শনাক্ত হলে তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১৩.২) | পর্যালোচনা (Review) এবং সংশোধনমূলক কার্যক্রমের (Corrective action) রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### পরিবেশ ব্যবস্থাপনা মডিউল: ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ (Optional requirements)

## ১৪.০. স্থানের ইতিহাস এবং ব্যবস্থাপনা (Site history and management)

| | | |
|---|---|---|
| ১৪.১) | জীববৈচিত্র্য এবং বন্যপ্রাণী সংরক্ষণে উৎপাদনকারী কর্তৃক ব্যবস্থাপনা এবং সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও তা অনুসরণ করা যাতে খামারের কাজ এদের উপর কোনো ধরনের নেতিবাচক প্রভাব না ফেলে। জীববৈচিত্র্য সম্পর্কে জানতে প্রাথমিক নিরীক্ষা কাজ অন্তর্ভুক্ত করা। খামারে জীববৈচিত্র্য রক্ষা ও আবাসস্থল বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সাধারণ |
| ১৪.২) | স্থানীয় জনগণ, উদ্ভিদ ও প্রাণির জন্য উন্নত পরিবেশ গড়তে উৎপাদনকারীর কিছু নীতিমালা থাকতে হবে। | সাধারণ |

# কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল

# (Workers Health, Safety and Welfare Module)

## ৯.০ । কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল (Workers Health, Safety and Welfare Module)

কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউলের আওতায় ফসল উৎপাদনে নিয়োজিত কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণে উত্তম কৃষি চর্চা (GAP) এর মোট ৮টি উপাদান (২টি ঐচ্ছিকসহ) ও ৩৩টি অনুশীলন চর্চা প্রয়োজনীয়তাসমূহের বিভিন্ন সম্মতি মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### ১.০। রাসায়নিক (Chemicals)

| | | |
|---|---|---|
| ১.১) | উপযুক্ত জ্ঞান ও দক্ষতা সম্পন্ন প্রশিক্ষিত শ্রমিক/কর্মীর মাধ্যমে হ্যান্ডলিং এবং ব্যবহারের প্রয়োজনীয় নিরাপত্তা সামগ্রী যেমন: গ্লাপস, মুখোশ, নিরাপত্তা চশমা, পানি প্রতিরোধী পোষাক, টুপি, জুতা যথাযথভাবে ব্যবহার করে বালাইনাশক/রাসায়নিক প্রয়োগ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ১.২) | ভালো, নিরাপদ এবং সজ্জিত তাকে (সেলফ) রাসায়নিক সংরক্ষণ করা যেখানে শুধু অনুমোদিত ব্যক্তির প্রবেশাধিকার থাকবে। সংরক্ষণের সেলফ/তাক এমন হতে হবে যাতে কৃষক/শ্রমিক/কর্মীদের আক্রান্ত হওয়ার ঝুঁকি কম এবং রাসায়নিক নির্গমন হলে জরুরি ব্যবস্থা গ্রহণের পর্যাপ্ত সুবিধা থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৩) | রাসায়নিকের মূল পাত্রে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা নির্দেশনা সম্বলিত লেবেলসহ মজুদ করতে হবে। রাসায়নিক অন্য পাত্রে স্থানান্তর করার ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্রান্ডের নাম, প্রয়োগ মাত্রা এবং সংরক্ষণকাল উল্লেখ রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৪) | অনুরূপ বালাইনাশক ছাড়া খালি পাত্রে অন্য কোনো পণ্য রাখা/পরিবহন করা যাবে না। | গুরুত্বপূর্ণ |
| ১.৫) | যেখানে বালাইনাশক দ্বারা কৃষক/শ্রমিক/কর্মীদের আক্রান্ত হওয়ার ঝুঁকি অধিক সেখানে Material Safety Data Sheet (MSDS) ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৬) | কর্মীদেরকে নিরাপত্তা নির্দেশনা অবহিত/সরবরাহ করা এবং তা উপযুক্ত ও সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৭) | কোনো কৃষক/শ্রমিক/কর্মী রাসায়নিক দ্বারা আক্রান্ত বা দুর্ঘটনায় আহত হলে তাৎক্ষণিকভাবে প্রাথমিক চিকিৎসা এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য চিকিৎসা নিশ্চিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৮) | জরুরি নির্দেশনাসমূহ নথিভুক্ত এবং রাসায়নিক দ্রব্যের মজুদস্থানে যথাযথ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.৯) | যে সকল কৃষক/শ্রমিক/কর্মী রাসায়নিক দ্রব্যের হ্যান্ডলিং এবং প্রয়োগ করবে বা স্বল্প সময়ের ব্যবধানে রাসায়নিক স্প্রে করা স্থানে প্রবেশ করবে তাদেরকে উপযুক্ত পোশাক এবং অন্যান্য প্রয়োজনীয় সর্তকতা অবলম্বন করে উক্ত কাজ সম্পন্ন করতে হবে। ব্যবহার্য পোশাক এবং অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসমূহ আলাদাভাবে ধৌত ও সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ১.১০) | রাসায়নিক প্রয়োগকৃত স্থানে জনসাধারণের প্রবেশাধিকার সংরক্ষিত রাখতে হবে। মানুষ চলাচলের এলাকায় রাসায়নিক ব্যবহার করা হলে স্থানটি সতর্কতা চিহ্ন দ্বারা চিহ্নিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ২.০। কর্ম পরিবেশ (Work environment)

| | | |
|---|---|---|
| ২.১) | কর্মীদের কর্ম পরিবেশ নিরাপদ হতে হবে, তবে যেখানে বিপদের ঝুঁকি সম্পূর্ণভাবে নিরসন করা সম্ভব নয় সেখানে কর্মীদের জন্য উপযুক্ত সামগ্রী/পোশাক প্রদান করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ২.২) | কর্মীদের ঝুঁকি হ্রাসের জন্য খামারের সকল পরিবহন, সরঞ্জামাদি, হাতিয়ার এবং বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহকে যথাযথভাবে সংরক্ষণ এবং সঠিক অবস্থায় রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |

| | | |
|---|---|---|
| ২.৩) | কর্মীদেরকে যন্ত্রপাতি, মেশিন, হাতিয়ার এবং এগুলোর ব্যবহার পদ্ধতি সম্পর্কিত নিরাপত্তা নির্দেশনা ম্যানুয়াল সরবরাহ করা, ম্যানুয়াল ব্যবহারের নির্দেশনা প্রদান এবং উপযুক্ত স্থানে সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৩.০। ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (Personal hygiene)

| | | |
|---|---|---|
| ৩.১) | কৃষক এবং কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্য নিরাপদ ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রশিক্ষিত করা এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৩.২) | কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধির লিখিত নির্দেশনা সরবরাহ এবং উপযুক্ত স্থানে প্রদর্শন করা। | গুরুত্বপূর্ণ |
| ৩.৩) | ছয় মাস অন্তর অন্তর সংশ্লিষ্ট কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করা এবং এ সংক্রান্ত রেকর্ড পাঁচ বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে। | সাধারণ |
| ৩.৪) | শৌচাগার এবং হাত ও শরীর পরিষ্কার রাখার প্রয়োজনীয় উপকরণ/সুবিধা তাৎক্ষণিকভাবে সহজলভ্য এবং স্বাস্থ্যসম্মতভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৩.৫) | নর্দমার বর্জ্য অপসারণ এমনভাবে করতে হবে যাতে কর্মীদের সংক্রমিত হওয়ার ঝুঁকি হ্রাস পায়। | গুরুত্বপূর্ণ |
| ৩.৬) | নিয়োগকারী কর্তৃক স্বাস্থ্য সুবিধা প্রদান এবং স্বাস্থ্য বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৩.৭) | গৃহপালিত বা খামারের প্রাণী যাতে উৎপাদন, হ্যান্ডলিং, প্যাকিং ও মজুদ এলাকায় প্রবেশ করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৪.০। শ্রমিক কল্যাণ (Worker welfare)

| | | |
|---|---|---|
| ৪.১) | সকল দৃষ্টিকোণ থেকেই কর্মীদের সঙ্গে সমআচরণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.২) | লিঙ্গ, বয়স, বর্ণ বা অন্য কোন কারণে কর্মীদেরকে বৈষম্য বা বঞ্চিত করা যাবে না। | গুরুত্বপূর্ণ |
| ৪.৩) | কর্মীদের আবাসস্থল বাসযোগ্য হওয়া এবং মৌলিক সুযোগ সুবিধা যেমন: খাদ্য সংরক্ষণের পরিষ্কার স্থান, খাবারের আলাদা স্থান, হাত ধোয়ার ব্যবস্থা এবং পানীয় জলের সুব্যবস্থা থাকা ও যথাযথ শৌচাগার ও পয়নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৪.৪) | কর্মীর সর্বনিম্ন বয়স, শ্রম ঘন্টা ও সর্বনিম্ন মজুরী দেশের সংশ্লিষ্ট আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ৫.০। প্রশিক্ষণ (Training)

| | | |
|---|---|---|
| ৫.১) | কর্মীদেরকে স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে অবহিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.২) | কর্মীদেরকে পরিবহন, যন্ত্রাংশ ও যন্ত্রপাতি চালনা, দুর্ঘটনা ও জরুরি প্রতিকার, রাসায়নিকের নিরাপদ ব্যবহার এবং ব্যক্তিগত পরিচ্ছন্নতার ওপর প্রশিক্ষণ প্রদান পূর্বক জ্ঞান বৃদ্ধি করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.৩) | বছরে কমপক্ষে একবার প্রশিক্ষণের প্রয়োজনীয়তার বিষয়গুলি পর্যালোচনা করতে হবে। | সাধারণ |

## ৬.০। ডকুমেন্ট এবং রেকর্ডস (Documents and records)

| | | |
|---|---|---|
| ৬.১) | সকল চর্চার রেকর্ড অন্তত: দুই বছর সংরক্ষণ করতে হবে, তবে দেশের আইন অনুযায়ী বা ক্রেতার প্রয়োজনে তা অধিক সময় সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ৬.২) | মেয়াদোত্তীর্ণ ডকুমেন্ট বাতিল করে শুধু হালনাগাদ ডকুমেন্ট ব্যবহার করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৭.০। চর্চার পর্যালোচনা (Review of practices)

| | | |
|---|---|---|
| ৭.১) | খামারের সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হচ্ছে কিনা এবং উক্ত কার্যক্রম চলাকালীন সময়ে কোন ত্রুটি শনাক্ত হয়ে থাকলে সে ব্যাপারে কি সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা বছরে অন্ততঃ একবার পর্যালোচনা এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২) | কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ সম্পর্কিত অভিযোগসমূহ গ্রহণের ব্যবস্থা করা এবং অভিযোগ ও গৃহিত ব্যবস্থার রেকর্ড সংরক্ষণ করতে হবে। | সাধারণ |

## কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ মডিউল: ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ (Optional Requirements)

## ৮.০। শ্রমিক কল্যাণ (Worker welfare)

| | | |
|---|---|---|
| ৮.১) | কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণের জন্য দায়িত্বপ্রাপ্ত সদস্য চিহ্নিত করতে হবে। নিয়মিত খামার ব্যবস্থাপক ও কর্মীদের মধ্যে দ্বি-মুখী সংযোগ সভা আয়োজন এবং এতদসংক্রান্ত রেকর্ডসমূহ সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | সাধারণ |
| ৮.২) | রাসায়নিক বালাইনাশক নিয়ে যেসব শ্রমিকগণ কাজ করে বছরে একবার তাদের স্বাস্থ্য পরীক্ষা করা। | সাধারণ |

# পণ্যমান মডিউল
# (Produce Quality Module)

## ১০.০ । পণ্যমান মডিউল (Produce Quality Module)

পণ্যের গুণগতমান বজায় রাখার লক্ষ্যে উৎপাদনকারীকে পণ্যমান মডিউলের আওতায় ফসল উৎপাদনে উত্তম কৃষি চর্চা (GAP) এর মোট ১৩টি উপাদান (২টি ঐচ্ছিকসহ) ও ২৬টি অনুশীলন চর্চা প্রয়োজনীয়তাসমূহের বিভিন্ন সম্মতি মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### ১.০ । গুণগতমান পরিকল্পনা (Quality plan)

| | | |
|---|---|---|
| ১.১) | পণ্যের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে উৎপাদন, সংগ্রহ ও সংগ্রহোত্তর পর্যায়ে উত্তম কৃষি চর্চা অনুসরণে সুনির্দিষ্ট পরিকল্পনা থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ২.০ । বপন/রোপণের সামগ্রী (Planting material)

| | | |
|---|---|---|
| ২.১) | ফসলের বপন ও রোপণ সামগ্রী (বীজ, মূল ও সায়ন) উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত খামার বা নার্সারি হতে সংগ্রহ করতে হবে যা গুণগতমান সম্পন্ন ও বালাইমুক্ত হতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ৩.০ । সার এবং মাটির সংযোজন দ্রব্য (Fertilizers and soil additives)

| | | |
|---|---|---|
| ৩.১) | ফসল ভেদে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সার এবং মাটির সংযোজন দ্রব্য (Soil additives) যথাযথভাবে প্রয়োগ করতে হবে যাতে তাদের কার্যকারিতা নিশ্চিত করা যায়। | গুরুত্বপূর্ণ |
| ৩.২) | কম্পোষ্ট ব্যবস্থাপনা এমনভাবে করতে হবে যাতে ফসলের কোনরুপ পারস্পরিক দূষণ না হয়। সার বা সংযোজন দ্রব্য প্রয়োগ সংক্রান্ত রেকর্ড বিস্তারিতভাবে (পরিমাণ, প্রয়োগ তারিখ, প্রয়োগকারী ও সরবরাহকারীর নাম ইত্যাদি) সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ৪.০ । পানি (Water)

| | | |
|---|---|---|
| ৪.১) | ফসলের প্রকারভেদ, পানির প্রাপ্যতা এবং মাটির আর্দ্রতার ওপর ভিত্তি করে সেচ প্রদান করা। সেচের তারিখ, স্থান, সময়কাল এবং পরিমাণ ইত্যাদি বিষয়ের বিস্তারিত রেকর্ড/তথ্যাবলী সংরক্ষণ করতে হবে। | সাধারণ |

### ৫.০ । রাসায়নিক (Chemicals)

| | | |
|---|---|---|
| ৫.১) | কৃষক বা শ্রমিকের দায়িত্ব অনুযায়ী রাসায়নিক দ্রব্য প্রয়োগের জন্য প্রশিক্ষণ প্রদান করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.২) | লাইসেন্সপ্রাপ্ত সরবরাহকারী থেকে রাসায়নিক দ্রব্য সংগ্রহ করা এবং লেবেলে বর্ণিত নির্দেশনা বা উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা সুপারিশ অনুযায়ী (ফসল ভিত্তিক) প্রয়োগ নিশ্চিত করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৫.৩) | রাসায়নিক দ্রব্য প্রয়োগ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি যাতে যথাযথভাবে (with calibration) কাজ করে সেজন্য তা সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৫.৪) | রাসায়নিকের নাম, প্রয়োগের কারণ, তারিখ, প্রয়োগমাত্রা ও পদ্ধতি, আবহাওয়া, প্রয়োগকারীর নাম সংক্রান্ত তথ্যাদির রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৬.০ । ফসল সংগ্রহ এবং পণ্য হ্যান্ডলিং (Harvesting and handling produce)

| | | |
|---|---|---|
| ৬.১) | ফসল পরিপক্কতার সূচক অনুযায়ী উপযুক্ত সময়ে সংগ্রহ করতে হবে। ফসল সংগ্রহের জন্য উপযুক্ত সময় হলো দিনের সবচেয়ে ঠান্ডা সময়, যেমন: সকাল বেলা। | গুরুত্বপূর্ণ |
| ৬.২) | ফসল সংগ্রহের জন্য উপযুক্ত যন্ত্রপাতি, সংগ্রহপাত্র ও অন্যান্য উপকরণ সংগ্রহ এবং ব্যবহারের পূর্বে পরিষ্কার করে নিতে হবে। পাত্রে অতিরিক্ত পণ্য ভর্তি করা যাবে না। অমসৃণ উপরিভাগে সঠিক আবরণ দ্বারা আচ্ছাদিত করতে হবে। পণ্যের আর্দ্রতা রক্ষায় পাত্র ঢেকে রাখতে হবে। একটির উপর আরেকটি পাত্র স্তূপ করে রাখা যাবে না বরং এমনভাবে রাখতে হবে যাতে পণ্যের ক্ষতি এড়ানো সম্ভব হয়। | গুরুত্বপূর্ণ |
| ৬.৩) | পণ্যকে ছায়াযুক্ত স্থানে রাখতে হবে এবং যত দ্রুত সম্ভব মাঠ থেকে সরিয়ে নিতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৬.৪) | পণ্য পরিশোধন ও ধৌতকরণে পরিষ্কার পানি ব্যবহার করা এবং ব্যবহৃত পানি নিয়মিত পরিবর্তন করতে হবে যাতে পণ্য ক্ষতিকর জীবাণু দ্বারা সংক্রমিত না হয়। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.৫) | হ্যান্ডলিং/প্যাকিং/মজুদ স্তরে গুণগতমান হ্রাস ও রোগবালাই প্রতিরোধে যথাযথ শোধন ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৬.৬) | ছাদের নিচে এবং শীতল স্থানে পণ্য প্যাকিং ও মজুদ করতে হবে। পণ্য সরাসরি মাটি অথবা মেঝেতে রাখা যাবে না। | অতি গুরুত্বপূর্ণ |

## ৭.০ । সংরক্ষণ এবং পরিবহন (Storage and transport)

| | | |
|---|---|---|
| ৭.১) | পণ্য যতদ্রুত সম্ভব গন্তব্যস্থানে নেয়ার ক্ষেত্রে যদি অনেক সময় পরিবহনের জন্য অপেক্ষা করতে হয়, সেক্ষেত্রে পণ্য উপযোগী তাপমাত্রায় মজুদ রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ৭.২) | পরিবহনকালে পণ্য ঢেকে রাখতে হবে এবং যথাযথ তাপমাত্রা বজায় রাখতে হবে যাতে পণ্যের গুণগতমানের ক্ষতি না হয়। | গুরুত্বপূর্ণ |
| ৭.৩) | পরিচ্ছন্নতা এবং সবধরণের দূষিত/সংক্রমিত বস্তু দূরীকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পরিবহনের পূর্বে তা পরীক্ষা করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৮.০ । সন্ধানযোগ্যতা এবং পণ্য প্রত্যাহার (Traceability and recall system)

| | | |
|---|---|---|
| ৮.১) | বিভিন্ন স্থানে উৎপাদিত পণ্যের নাম বা সাংকেতিক চিহ্ন (কোড) দ্বারা শনাক্ত করতে হবে এবং নাম বা শনাক্তকরণ চিহ্ন পাত্রের গায়ে ভালভাবে লাগাতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ৮.২) | প্রত্যেকটি চালানের (consignment) সরবরাহের তারিখ, পণ্যের পরিমাণ এবং গন্তব্য স্থানের রেকর্ড সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ৯.০ । প্রশিক্ষণ (Training)

| | | |
|---|---|---|
| ৯.১) | কৃষক এবং শ্রমিকদের দায়িত্ব অনুযায়ী উত্তম কৃষি চর্চা সংক্রান্ত প্রশিক্ষণ দিতে হবে এবং প্রশিক্ষণের রেকর্ড সংরক্ষণ করতে হবে। | সাধারণ |

## ১০.০ । ডকুমেন্ট এবং লিখিত বিবরণ (Documents and records)

| | | |
|---|---|---|
| ১০.১) | উত্তম কৃষি চর্চা এর লিখিত বিবরণ অন্তত: দুই বছর সংরক্ষণ করতে হবে। তবে দেশের আইনের প্রয়োজনে দুই বছরের অধিক সময় তা সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |
| ১০.২) | মেয়াদোত্তীর্ণ ডকুমেন্ট বাদ দিয়ে কেবল চলতি সংস্করণ ব্যবহার করতে হবে। | সাধারণ |

## ১১.০ । চর্চার পর্যালোচনা (Review of practices)

| | | |
|---|---|---|
| ১১.১ | সকল চর্চা বছরে একবার পর্যালোচনা করতে হবে যাতে নিশ্চিত হওয়া যায় যে, তা সঠিকভাবে করা হয়েছে এবং কোন ঘাটতি শনাক্ত হলে সংশোধনমূলক কার্যক্রমের ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## পণ্যমান মডিউল: ঐচ্ছিক প্রয়োজনীয়তাসমূহ (Optional requirements)

## ১২.০ । রাসায়নিক (Chemicals)

| | | |
|---|---|---|
| ১২.১ | উদ্ভিদ সংরক্ষণ পণ্য মিশ্রণের সময় লেবেলের নির্দেশনা অনুযায়ী সঠিকভাবে হ্যান্ডলিং এবং ভর্তি করার বিষয়ে সঠিক নির্দেশনা (Documented procedure) থাকতে হবে। | সাধারণ |

## ১৩.০ । পণ্য সংগ্রহ এবং হ্যান্ডলিং (Harvesting and handling produce)

| | | |
|---|---|---|
| ১৩.১ | যখন প্যাকেটজাত পণ্য খামারে মজুদ করা হয় তখন তার তাপমাত্রা এবং আর্দ্রতা রেকর্ড করতে হবে। | সাধারণ |

# সাধারণ প্রয়োজনীয়তা মডিউল
# (General Requirements Module)

# ১১.০ । সাধারণ প্রয়োজনীয়তা মডিউল (General Requirements Module)

## ১.০ । সাধারণ প্রয়োজনীয়তা মডিউল

এ মডিউলে সাধারণ কিছু মানদন্ড অন্তর্ভুক্ত করা হয়েছে যা অন্য ৪টি মডিউলের জন্য প্রয়োগযোগ্য। এ মডিউলে প্রত্যয়নের জন্য আবেদন করার প্রয়োজনীয় অনুসঙ্গসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। সাধারণ প্রয়োজনীয়তা মডিউলের আওতায় ফসল উৎপাদনে অনুচ্ছেদ-এ (খামার পর্যায়) ও অনুচ্ছেদ-বি (দলের শর্তাবলীর) জন্য উত্তম কৃষি চর্চার (GAP) এর মোট ২১টি উপাদান ও ৪৫টি অনুশীলন চর্চা সম্মতির মানদন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**অনুচ্ছেদ-এ (খামারপর্যায়) Section-A (At farm level)**

**১.১। খামার পর্যায়:** বিধি-বিধান সংক্রান্ত **(Legal aspects)**

| | | |
|---|---|---|
| ক) | প্রত্যয়নের নিমিত্ত ব্যবহৃত জমি আবেদনকারীর নিজের হতে হবে অথবা জমির বৈধ মালিকের সঙ্গে আবেদনকারীর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হতে হবে। | গুরুত্বপূর্ণ |

**১.২। পরিদর্শকের প্রয়োজনীয়তা (Visitor requirements)**

| | | |
|---|---|---|
| ক) | GAP সম্পর্কিত যেকোন কার্যক্রম পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শকগণকে GAP কার্যক্রমের কর্মীদের জন্য প্রযোজ্য নীতিমালা অনুসরণ করতে হবে যাতে পণ্যের ও ব্যক্তি নিরাপত্তা অক্ষুন্ন থাকে। | গুরুত্বপূর্ণ |

**১.৩। অভিযোগের প্রতিকার (Redressal of complaints)**

| | | |
|---|---|---|
| ক) | সকল অভিযোগ যথাযথভাবে তালিকাভুক্ত ও আমলে নিতে হবে। | গুরুত্বপূর্ণ |
| খ) | এ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ এবং অভিযোগ নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |

**১.৪। স্থানের বর্ণনা (Site details)**

| | | |
|---|---|---|
| ক) | প্রত্যেকটি খামার এবং উৎপাদন ইউনিট খামার পরিকল্পনা বা ম্যাপের ভিত্তিতে পরিচালনা করতে হবে । | গুরুত্বপূর্ণ |

**১.৫। রেকর্ড সংরক্ষণ এবং অভ্যন্তরীণ পরিদর্শন (Record keeping and internal inspection)**

| | | |
|---|---|---|
| ক) | GAP সংশ্লিষ্ট সকল রেকর্ড অন্তত দুই বছর সংরক্ষণ করতে হবে, তবে আইনী এবং চাহিদার প্রয়োজনে তার চেয়েও বেশি সময় সংরক্ষণ করা যেতে পারে। | গুরুত্বপূর্ণ |

**১.৬। যন্ত্রপাতি কার্যক্ষম রাখা (Calibration)**

| | | |
|---|---|---|
| ক) | প্রযোজ্য ক্ষেত্রে উৎপাদক তার যন্ত্রপাতি দেশের প্রচলিত আইন অনুযায়ী কার্যক্ষম রাখবে । | গুরুত্বপূর্ণ |

**অনুচ্ছেদ-বি (দলের শর্তাবলী) Section B (Group requirements)**

এটি একটি একক আইনী স্বত্ত্বা, যারা দলীয় আকারে (উৎপাদক দল) GAP মানদন্ড অনুসরণ করবে তাদের ক্ষেত্রে এ মডিউলটি প্রয়োগযোগ্য। তাদের কেবল GAP এর মানদন্ড অনুসরণ করলেই চলবে না, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি থাকতে হবে। এখানে যে সব শর্তাবলীসমূহ নির্ধারণ করা হয়েছে তা নীতিমালাসহ একটি আনুষ্ঠানিক চুক্তি দ্বারা দলীয়ভাবে বাস্তবায়ন করতে হবে। মৌলিক যে সকল শর্তাবলী বাস্তবায়ন করতে হবে তা নিম্নরূপ:

## ১.৭। আইনী প্রয়োজনীয়তাসমূহ (Legal requirements)

| | | |
|---|---|---|
| ক) | উৎপাদক দল যে একটি নিবন্ধিত সংস্থা তা প্রদর্শনের জন্য সনদপত্র/ডকুমেন্টেশন থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| খ) | GAP বাস্তবায়নে দলের পূর্ণাঙ্গ কাঠামো থাকা এবং পণ্য উৎপাদন ও ব্যবস্থাপনা নিজ নিজ দায়িত্ব বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখ/নির্ধারিত থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | উৎপাদক দলের প্রশাসনিক/ব্যবস্থাপনা কাঠামোতে দলের সদস্যদের মধ্যে যথাযথ সমন্বয় থাকতে হবে। | সাধারণ |

## ১.৮। লিখিত চুক্তি (Written contract)

| | | |
|---|---|---|
| ক) | দলের প্রত্যেক সদস্য এবং দলের মধ্যে ব্যক্তির বিস্তারিত বিবরণ উল্লেখ করে লিখিত ও স্বাক্ষরিত চুক্তি থাকতে হবে, যাতে GAP মানদন্ড ও ব্যক্তির কার্যাবলি অনুসরণের ব্যত্যয় হলে আপত্তি/নিষেধাজ্ঞা আরোপ করা যাবে। | গুরুত্বপূর্ণ |

## ১.৯। উৎপাদক রেজিস্টার (Producer register)

| | | |
|---|---|---|
| ক) | একটি রেজিস্টার রাখা যেখানে উৎপাদক দলের বিস্তারিত বিবরণ, উৎপাদন বাস্তবায়নের অবস্থা, নিবন্ধিত উৎপাদন এলাকা ও উৎপাদিত ফসলের অভ্যন্তরীণ নিরীক্ষার তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১.১০। উৎপাদক দলের কাঠামো (Structure of organization)

| | | |
|---|---|---|
| ক) | দলের কাঠামোতে GAP মানদন্ড অনুযায়ী কার্যক্রম পরিচালনার পর্যাপ্ত সক্ষমতা থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| খ) | GAP মানদন্ড অনুসরণের জন্য দলের প্রত্যেকের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | উৎপাদক দলের অনুমোদন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সুনির্দিষ্ট করতে হবে। | গুরুত্বপূর্ণ |

## ১.১১। দক্ষতা এবং কর্মী প্রশিক্ষণ (Competency and training of staff)

| | | |
|---|---|---|
| ক) | দল প্রত্যয়ন ব্যবস্থাপনার কাজে সংশ্লিষ্ট মূল ব্যক্তিবর্গ যথা-মান ব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিরীক্ষক, প্রশিক্ষক এবং দল ব্যবস্থাপকের জ্ঞান ও দক্ষতা মূল্যায়ন করবে। | গুরুত্বপূর্ণ |
| খ) | দলকে নিশ্চিত হতে হবে যে GAP প্রত্যয়নে দায়িত্বপ্রাপ্ত প্রত্যেকে যথেষ্ট দক্ষ এবং প্রয়োজনীয়তা অনুযায়ী কার্যক্রম পরিচালনায় সক্ষম। | গুরুত্বপূর্ণ |
| গ) | GAP প্রয়োজনীয়তার আলোকে দলের সুনির্দিষ্ট কর্মীদের জ্ঞান ও দক্ষতা নির্ধারণ করা, প্রশিক্ষণ ও শিক্ষাগত যোগ্যতা লিপিবদ্ধ রাখতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ঘ) | দলকে নিশ্চিত হতে হবে যে, অভ্যন্তরীণ পরিদর্শকগণ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ায় যোগ্যতা সম্পন্ন। | গুরুত্বপূর্ণ |

## ১.১২। মান ম্যানুয়াল (Quality manual)

| | | |
|---|---|---|
| ক) | দল কর্তৃক নিবন্ধিত সদস্য এবং দায়িত্বপ্রাপ্ত সদস্যদের জন্য প্রত্যয়ন পরিধি (Scope of certification), ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, নীতিমালা এবং কর্ম পদ্ধতির সমন্বয়ে মান ম্যানুয়াল তৈরি করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | পণ্য উৎপাদকের GAP/অন্যান্য প্রয়োজনীয়তাসমূহ নিশ্চিত করা যাতে মান ম্যানুয়াল নির্দেশিকা নির্দিষ্ট সময়ান্তে পর্যালোচনা এবং হালনাগাদ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | দল কর্তৃক GAP অনুসরণ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি, বিতরণ ও আইনগত সংস্কার এবং সচেতনতা বৃদ্ধি নিশ্চিত করতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ১.১৩। দালিলিক নিয়ন্ত্রণ (Document control)

| | | |
|---|---|---|
| ক) | সকল ডকুমেন্টই দলের নিয়ন্ত্রণাধীন থাকতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | GAP পরিকল্পের প্রয়োজন অনুযায়ী সকল ডকুমেন্টের একটি মূল তালিকা (Masterlist) থাকতে হবে যাতে মান ম্যানুয়াল, কার্যপদ্ধতি, নির্দেশনা, রেকর্ড ফরম্যাটসমূহ এবং বিভিন্ন উৎস হতে প্রাপ্ত ডকুমেন্ট অন্তর্ভুক্ত থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | কার্যকরী ডকুমেন্ট ব্যবহারের ক্ষেত্রে ডকুমেন্ট সহজলভ্য হতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ঘ) | ভিন্ন উৎসের ডকুমেন্ট ব্যবহারের জন্য একটি পদ্ধতি থাকতে হবে, যদি এটি তাদের পরিচালনার অংশ হয়ে থাকে। | সাধারণ |

### ১.১৪। অভিযোগ হ্যান্ডলিং (Complaint handling)

| | | |
|---|---|---|
| ক) | GAP সংশ্লিষ্ট অভিযোগসমূহ হ্যান্ডলিং এর জন্য একটি পদ্ধতি থাকতে হবে। যাতে অভিযোগ গ্রহণ, নিবন্ধন, সমস্যা শনাক্তকরণ, কারণ বিশ্লেষণ, সমাধান এবং ফলোআপ অন্তর্ভুক্ত থাকবে। | গুরুত্বপূর্ণ |
| খ) | অভিযোগ নিস্পত্তির সময় নির্ধারিত থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | অভিযোগ সংক্রান্ত রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে হবে। | গুরুত্বপূর্ণ |
| ঘ) | প্রযোজ্য ক্ষেত্রে গোপনীয়তা রক্ষার বিধিবিধান থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ১.১৫। অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal audit)

| | | |
|---|---|---|
| ক) | প্রত্যেক সদস্য যাতে GAP এবং উৎপাদক দলের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির প্রয়োজনীয়তাসমূহ অনুসরণ করে তার একটি নিরীক্ষা পদ্ধতি থাকতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | অভ্যন্তরীণ নিরীক্ষকের প্রয়োজনীয় সকল নির্দেশনাবলীসহ GAP সংশ্লিষ্ট জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |
| গ) | একজন অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা পর্যালোচনা এবং নিরীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের আলোকে গৃহীত ব্যবস্থার অভ্যন্তরীণ ডকুমেন্ট পদ্ধতি সহজলভ্য হতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ১.১৬। শর্তভঙ্গ/অমান্যতা, সংশোধনমূলক ব্যবস্থাদি এবং নিষেধাজ্ঞা আরোপ (Non compliences, corrective actions and sanctions)

| | | |
|---|---|---|
| ক) | সংশোধনমূলক কার্যক্রম শনাক্তকরণ রেকর্ডের জন্য একটি পদ্ধতি থাকা এবং বাস্তবায়িত হওয়া। এতে শর্তভঙ্গ/অমান্যতার মূল কারণ বিশ্লেষণ, দায়িত্ব এবং সংশোধনমূলক ব্যবস্থার সময়সীমা অন্তর্ভুক্ত থাকবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | যে সব সদস্য শর্তাবলী মেনে চলবে না তাদের ওপর উৎপাদক দল নিষেধাজ্ঞা আরোপ করতে পারবে। বিষয়টি প্রত্যয়ন সংস্থাকে দ্রুত অবহিত করা বা স্থগিত করা অথবা প্রত্যাহার করা (নিবন্ধিত সদস্যের নিবন্ধন) অন্তর্ভুক্ত থাকবে। উৎপাদক এবং উৎপাদক দলের মধ্যে নিষেধাজ্ঞা বা উৎপাদন বন্ধ করে রাখার বিষয়টি চুক্তির অংশ হতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| গ) | শর্তভঙ্গ/অমান্যতা সংশোধনমূলক কার্যক্রম এবং নিষেধাজ্ঞার সকল তথ্যের রেকর্ড থাকতে হবে। | গুরুত্বপূর্ণ |

### ১.১৭। পণ্যের সন্ধানযোগ্যতা ও পৃথকীকরণ (Product traceability and segregation)

| | | |
|---|---|---|
| ক) | নিবন্ধিত উৎপাদক ও খামার কর্তৃক GAP প্রত্যয়িত পণ্যসমূহ লিপিবদ্ধ করতে হবে। GAP প্রত্যয়িত ও GAP বর্হিভূত নকল লেবেলযুক্ত (Wrong labelling) বা মিশ্রণ পণ্যের ঝুঁকি নিরসনে কার্যকর পদ্ধতি থাকতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | সংগ্রহের স্থান নিবন্ধিত পণ্যের জন্য নির্ধারিত করে রাখতে হবে যাতে ক্রয় আদেশ থেকে সংগ্রহোত্তর হ্যান্ডলিং, মজুদ ও বিতরণের সময় তা শনাক্ত করা এবং খুঁজে বের করা যায়। | অতি গুরুত্বপূর্ণ |

## ১.১৮। প্রত্যায়িত পণ্য প্রত্যাহার (Withdrawal of certified product)

| | | |
|---|---|---|
| ক) | প্রত্যায়িত পণ্য শনাক্তকরণ এবং প্রয়োজনে তা বাজার থেকে প্রত্যাহার করার পদ্ধতি থাকতে হবে যা বছরে একবার পর্যালোচনা করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ১.১৯। সাধারণ প্যাক হাউজ (Common pack house)

| | | |
|---|---|---|
| ক) | যদি দলের খামার কার্যক্রম পরিচালনার জন্য এক বা একাধিক সাধারণ প্যাক হাউজ থাকে, তবে প্রতিটি প্যাক হাউজকে GAP প্রয়োজনীয়তাসমূহ পরিপূরণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ১.২০। ক্রেতার সঙ্গে চুক্তি (Agreement with buyer)

| | | |
|---|---|---|
| ক) | দল এবং ক্রেতার মধ্যে GAP প্রত্যয়ন (GAP certification) অপব্যবহার সংক্রান্ত সতর্কতা অন্তর্ভুক্ত করে লিখিত চুক্তিনামা থাকতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |

## ১.২১। সাবকন্ট্রাক্টিং (Subcontracting)

| | | |
|---|---|---|
| ক) | সাবকন্ট্রাক্টিং এর ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট পদ্ধতি থাকতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| খ) | এরূপ বহিস্থ সাবকন্ট্রাক্টিং সেবাসমূহ GAP প্রয়োজনীয়তাসমূহের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| গ) | সাবকন্ট্রাকটরের দক্ষতার মূল্যায়ন থাকতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে। | অতি গুরুত্বপূর্ণ |
| ঘ) | দলের মান নিয়ন্ত্রণ পদ্ধতির (Quality control system) সাথে সঙ্গতি রেখে সাবকন্ট্রাক্টর কার্যক্রম পরিচালনা করবে। | গুরুত্বপূর্ণ |

www.barc.gov.bd

